**১. ভূমিকা**

*বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম*

গত শতাব্দীর প্রথম দিকে শুরু হওয়া স্বেচ্ছাসেবী শিশু-কিশোর কল্যাণ সংগঠনসমূহের সমন্বিত সংস্থা ও দেশের প্রাচীনতম সফল স্বেচ্ছাসেবী জাতীয় প্রতিষ্ঠান বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ-বাশিকপ-এর বার্ষিক সাধারণ সভার মাননীয় সভাপতি, কার্যনির্বাহী পরিষদের সহকর্মীবৃন্দ এবং বাশিকপ-এর অন্তর্ভূক্ত সংগঠনসমূহের প্রতিনিধিত্বকারী উপস্থিত প্রিয় সম্মানিত কাউন্সিলরগণ– আস্‌সালামু'আলাইকুম।

প্রথমেই মহান রাব্বুল আলামিনের কাছে বিশেষ শুকরানা আদায় করছি এই জন্যে যে, বিশ্বব্যাপী প্রাণঘাতি কোভিড-১৯-এর প্রকোপ নিয়ন্ত্রণে এসে সকলকে কিছুটা হলেও স্বস্তি প্রদান করেছে। আলহামদুলিল্লাহ। রাব্বুল আলামিন আমাদের সকলকে হেফাজত দান করুন। ব্যক্তিগত ও পারিবারিক প্রয়োজনকে উপেক্ষা করে দেশ ও জাতির ভবিষ্যৎ রচনা করতে যাওয়া ফুটফুটে সোনামণি শিশুদের কল্যাণে সাড়া দিয়ে সভায় অংশগ্রহণের জন্য সকলকে বাশিকপ-এর পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও স্বাগত জানাচ্ছি।

আমরা আমাদের প্রিয় মাতৃভূমির মহান বিজয় ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী অতিক্রান্ত করেছি। এক্ষণে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সশ্রদ্ধচিত্তে স্মরণ করছি। লাখো শহীদের আত্মত্যাগের গৌরবগাঁথা ভাষা আন্দোলন, মহান বিজয় ও স্বাধিকার আন্দোলন এবং প্রিয় মাতৃভূমি বাংলাদেশকে স্বাধীন, গঠন ও উন্নয়নে উৎসর্গিত জানা-অজানা বীর শহীদদের রুহের মাগফেরাত কামনা করছি। একই সাথে সকল শিশুর স্বার্থসংশ্লিষ্ট কর্মকাণ্ডসহ আমাদের জাতীয় জীবনের সকল কার্যক্রমের উত্তরোত্তর সাফল্য ও উন্নতি কামনা করছি।

বাশিকপ-এর ধারাবাহিক কর্মকাণ্ডে যাঁরা নিঃস্বার্থ ও নিরলসভাবে কাজ করেছেন এবং করে যাচ্ছেন তাঁদের প্রতি রইল সশ্রদ্ধ কৃতজ্ঞতা। এ কার্যকালের সম্পন্ন হওয়া বছরটিতে দেশে ঘটে যাওয়া সকল দুর্যোগ, দুর্বিপাক ও দুর্ঘটনায় যাঁরা প্রাণ হারিয়েছেন, বিশেষতঃ কঁচিপ্রাণ বিকাশউন্মুখ শিশু যারা প্রস্ফুটিত হবার আগে অকালে ঝরে গেছে;– তাদের সকলের আত্মার মাগফেরাত কামনা করছি।

**প্রিয় কাউন্সিলরবৃন্দ**

আপনাররা নিশ্চয়ই অবগত আছেন এ বছরের এপ্রিলের শুরুতে আমাদের ছেড়ে না ফেরার দেশে চলে যান বাশিকপ-এর নিবেদিত প্রাণকর্মী ও দীর্ঘদিনের কাউন্সিলর, শিশু সংগঠক, বর্তমান কার্যনির্বাহী পরিষদের সহ-সভাপতি এম আজিজুল ইসলাম। এছাড়া আমাদের ছেড়ে যাওয়া সম্মানিত কাউন্সিলর রাইসুল আকরাম মাহমুদ, সাবেক সম্মানিত কাউন্সিলর বিশিষ্ট সাংবাদিক, সাহিত্যিক, ছড়াকার ও শিশু সংগঠক রফিকুল হক দাদুভাই এবং এ টি এম সোলায়মানসহ মৃত্যুবরণকারী দেশের অন্যতম গীতিকার ও সুরকার কাওসার আহমেদ চৌধুরী, উপমহাদেশের খ্যাতিমান গায়ক লতা মঙ্গেসকার, সন্ধ্যা মুখোপাধ্যায় ও বাপ্পী লাহিড়ী, বিশিষ্ট সাংবাদিক আব্দুল গাফফার চৌধুরীসহ সকল বিশিষ্ট ব্যক্তি, কর্মকর্তা ও কাউন্সিলরদের প্রতি গভীর শোক প্রকাশ এবং তাদের পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি। পরম করুণাময় আল- াহ্‌তালার দরবারে সকলের বিদেহী আত্মার শান্তি ও মুক্তি কামনা করছি।

সকলের ভালোবাসা ও সমর্থন নিয়ে বর্তমান কার্যনির্বাহী পরিষদ গত ১৯ মার্চ ২০২১-এ অনুষ্ঠিত ৩১তম দ্বি-বার্ষিক কাউন্সিল অধিবেশনে নির্বাচিত হয় এবং ৩১ মার্চ ২০২১ইং তারিখ দায়িত্ব গ্রহণ করে। সকলের সমর্থন, আশির্বাদ ও সক্রিয় সহযোগিতায় ঐতিহ্যবাহী ও কল্যাণমুখী বৃহৎ এ স্বেচ্ছাসেবী জাতীয় সংগঠনের কার্যক্রম পরিচালনার দায়িত্ব সাফল্যের সাথে এ যাবত সুসম্পন্ন করতে পারায় মহান স্রষ্টার শোকরানা আদায় করছি। পাশাপাশি সকলকে আন্তরিক কৃতজ্ঞতা ও অভিনন্দন জানাচ্ছি।

৬৫ বছরের অধিক সময় ধরে বাশিকপ সকলের সমন্বিত প্রচেষ্টায় আজকের এ অবস্থানে এসে দাঁড়িয়েছে। সম্পদ, তহবিল ও কর্মের অপর্যাপ্ততা, অপ্রতুলতা এবং অনেক অপ্রাপ্তি নিয়ে যে সংগঠনটি তাদের যাত্রা শুরু করেছিল সকলের নিঃস্বার্থ ত্যাগ ও অক্লান্ত পরিশ্রম সে যাত্রাকে আজ অনেকটা নিষ্কণ্টক ও সাফল্যের দিকে নিয়ে এসেছে। সকলের অদম্য ইচ্ছা ও ঐকান্তিক প্রচেষ্টায় আজ অপ্রাপ্তির ব্যবধান অনেকটা কমে এসেছে। এখনো বহু অপ্রাপ্তি ও অপূর্ণতা রয়েছে সত্য, তারপরও তৃপ্ত হবার এবং গর্ব করার মত প্রাপ্তি ও সাফল্যের পরিমাণটাও আজ কম নয়।

**সম্মানীত সুধী**

আমরা সকলেই জানি যে, তৎকালীন সরকারের পৃষ্ঠপোষকতায় ও আন্তর্জাতিক শিশু কল্যাণ পরিষদের উৎসাহ ও সহায়তায়, সে সময়ের বিশিষ্ট ও বরেণ্য শিশু সংগঠক ও সমাজকর্মীদের আন্তরিক উদ্যোগের যৌথ ফসল স্বরূপ ১৫টি শিশু-কিশোর সংগঠন নিয়ে ১৪ সেপ্টেম্বর ১৯৫৭ খ্রীষ্টাব্দে ঢাকার ব্রিটিশ কাউন্সিলে আয়োজিত প্রথম কাউন্সিল অধিবেশনের মাধ্যমে পূর্ব পাকিস্তান শিশু কল্যাণ পরিষদ আত্মপ্রকাশ করেছিল। যা বর্তমানে বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ-বাশিকপ নামে পরিচালিত হচ্ছে। সেই থেকে আত্মপ্রত্যয়ে বলীয়ান শিশু কল্যাণে নিয়োজিত স্বেচ্ছাসেবীগণ অনেক পথ পরিক্রমায় আজকের এই ২২/১ তোপখানা রোডের ৫২ শতাংশের আঙ্গীনায় এর কার্যক্রমকে নিয়ে এসেছে। এই দীর্ঘ পরিক্রমায় অনেকের উদ্যোগ, কর্ম ও প্রেরণা জড়িয়ে রয়েছে; তাঁদের অবদানের স্বীকৃতি চিহ্ন ভাস্বর হয়ে আছে এ প্রতিষ্ঠানের প্রতিটি পরতে পরতে; তাঁরা চিরস্মরণীয় হয়ে আছে আমাদের সকলের কাছে এবং থাকবে এই প্রিয় প্রতিষ্ঠানের অস্তিত্বের শেষ অবধি। এদের মধ্যে রয়েছেন আমাদের ছেড়ে যাওয়া মরহুম ড. আমেনা রহমান, মোহাম্মদ মোদাব্বের হোসেন বাগবান ভাই, জালালউদ্দিন আহাম্মেদ, রোকনুজ্জামান খান দাদা ভাই, কমান্ডার আঃ রশিদ, বি আহমেদ, শিল্পী পটুয়া কামরুল হাসান, এম ই কবির, ড. এ ফারুক, তুবা খানম, খুরশীদ বানু, দৌলতুন্নেছা খাতুন, আবদুল মজিদ, এম এস জোহা, ড.

ফাতেমা সাদেক, ড. আবদুলণ্ঢা আল মুতি শরফুদ্দিন, জিএ ওহাব, এ জে খান, বেগম সামসুন্নাহার মাহমুদ, আবেদা ওবায়েদ মহামেদ, মেহের কবীর, রোকেয়া আনোয়ার, ময়েজ উদ্দিন, ফিরোজা বারী, রোকেয়া মান্নান, আনোয়ারা চৌধুরী, আহমেদ রসুল, এস এইচ চৌধুরী, তফাজ্জল হোসেন, তাহেরা কবির, কবি সুফিয়া কামাল, রাইসা হারুন, ফকরুল হোসেন, ফাতেমা সালাম, নাসির উদ্দিন সিকদার, ড. সাফিয়া খাতুন, বজলুর রহমান ভাইয়া, মুজাফফর আহমেদ, নির্মল কান্তি দাস গুপ্ত, জোবেদা খানম, শফিউল আনাম খাঁ, আলহাজ্ব নাজির হোসেন, নাসিরউদ্দিন বিশ্বাস, ড. নীলিমা ইব্রাহিম, নূরজাহান বেগম, মুজিবুর রহমান এডভোকেট, অধ্যাপিকা বশিরা মান্নান, আইভি রহমান, রাইসা হারুন, রওশন আরা বেগম, শামসুন্নাহার খোদাদাদ, হেনা জামাল, জিনাত আহমেদ, সুফিয়া চৌধুরী, নার্গিস জাফর, কামাল উদ্দিন আহমেদ, মনোয়ারা চৌধুরী, খালেদা সারওয়ার, অ্যাডভোকেট সাহারা খাতুন, রাখী দাস পুরকায়স্থ, শাহ আলমগীর, এম আর মাহবুব, রফিকুল হক দাদু ভাই, এম আজিজুল ইসলাম প্রমুখ। আরও ছিলেন চৌধুরী আনোয়ার হোসেন মিন্টো, শিল্পী হাসেম খান, খন্দকার ফয়জুল ওয়ারা বাবু ভাই, অধ্যাপিকা পান্না কায়সার, মালেকা বেগম, ডা. ফৌজিয়া মোসলেম, ড. সৈয়দ মোহাম্মদ শাহেদ, মাহনুর রহমান, এডলিন মালাকার প্রমুখ। বর্তমানে কাজী আনোয়ারুল করিম, সেলিনা খালেক, মোঃ জাকারিয়া পিন্টু, ডা. মাখদুমা নার্গিস, নূরুল করিম চৌধুরী জিন্নাহ, এটিএম মাজেদুর রহমান, মীরজাহান উদ্দিন আহমেদ রিপন, মনিরুজ্জামান খান মজলিস, মোস্তাকুর রহমান মঈনসহ অনেক সম্মানিত কাউন্সিলর রয়েছেন যারা দীর্ঘসময় ধরে নানা পদে ও দায়িত্বে থেকে আজও নিঃস্বার্থভাবে শিশুদের জন্য অক্লান্ত শ্রম ও সেবা দিয়ে যাচ্ছেন। সমগ্র দেশে ছড়িয়ে থাকা শিশু কল্যাণে নিবেদিত জানা-অজানা এরকম অজস্র কর্মী ও সহকর্মীদের প্রতি আন্তরিক শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করে বাশিকপ-এর বার্ষিক সাধারণ সভার প্রতিবেদন উপস্থাপন করছি।

**সুপ্রীয় কাউন্সিলরবৃন্দ**

বর্তমান কার্যবর্ষের সমাপ্ত হওয়া সময়ে কার্যনির্বাহী পরিষদ সদস্যদের সাথে উদ্যোগী কাউন্সিলরবৃন্দ মিলে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে তাঁদের মূল্যবান সময়কে এ প্রতিষ্ঠানের সেবা ও কার্যক্রমে ব্যয় করেছে। প্রবীণদের পরামর্শ ও অভিজ্ঞতা এবং নবীনদের শ্রম ও সহায়তা মিলিত করে অনেক সাফল্য অর্জন সম্ভব হয়েছে। দায়িত্ব গ্রহণের পরই ৭টি স্থায়ী উপ-কমিটি এবং পর্যায়ক্রমে ৪টি কমিটি গঠন করা হয়। তাদের সুচিন্তিত সুপারিশ বাস্তবায়ন করে সফলতার সাথে নিয়মিত কর্মসূচীগুলো বর্ধিত কলেবরে সম্পন্ন হওয়ার পাশাপাশি আরও অসংখ্য নতুন নতুন কর্মকান্ড এ কার্যবর্ষে পরিচালনা করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। কিন্তু আকর্ষিক বৈশ্বিক কোভিড-১৯ এক্ষেত্রে অনেকাংশে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে। গত কার্যবর্ষে গঠনতন্ত্র সংশোধন ও যুগোপযোগী করার জন্য গঠনতন্ত্র কমিটি সাফল্যের সাথে তাদের কার্যক্রম সম্পন্ন করে। কিন্তু এটি বাস্তবায়নের জন্য নিবন্ধনকারী কর্তৃপক্ষের অনুমোদন লাভের মধ্যদিয়ে নবনির্বাচিত কমিটি তাদের যাত্রা শুরু করে। আপনাদের জ্ঞাতার্থে সংক্ষেপে এ কার্যবর্ষের সমাপ্ত হয়ে যাওয়া সময়ে সমুদয় কর্মকান্ডের একটি প্রতিবেদন নিম্নে উপস্থাপন করছি ঃ

**২. সাংগঠনিক কার্যক্রম**

এ কার্যবর্ষে ১টি সাধারণ সভা, ৯টি কার্যনির্বাহী পরিষদ সভা, উপ-কমিটিসমূহের ২১টি সভা এবং বিভিন্ন মেয়াদী কমিটির ২৯টি সভা অনুষ্ঠিত হয়েছে। বাশিকপ-এর প্রয়োজনে স্বেচ্ছাসেবী আইন উপদেষ্টাসহ সংশ্লিষ্টদের নিকট থেকে আইনগত পরামর্শ ও সহায়তা গ্রহণ করা হয়। প্রয়োজনীয় ক্ষেত্রে আইনী সমাধানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**৩. অন্তর্ভুক্ত সংগঠনের সাথে যোগাযোগ ও নেটওয়ার্কিং**

বিশেষ পরিস্থিতির কারণে এ কার্যবর্ষের শুরুতে অন্তর্ভুক্ত সংগঠন ও তাদের শিশুদের নিয়ে আয়োজনের সংখ্যা কম হলেও ইংরেজী ও বাংলা নববর্ষ, ঈদুল ফিতর ও ঈদুল আযহা, শারদীয় দুর্গাপূজা, বড় দিন, মহান স্বাধীনতা ও বিজয় দিবসসহ অন্যান্য উৎসব অনুষ্ঠানে অন্তর্ভুক্ত সংগঠনগুলোকে শুভেচ্ছা জানিয়ে নিয়মিত শুভেচ্ছা কার্ড ও পত্র প্রেরণ এবং মিডিয়া ব্যবহার করে তার মাধ্যমে নিয়মিত যোগাযোগসহ প্রয়োজনীয় তথ্য আদান প্রদান ও যোগাযোগ করা হয়েছে। অন্যান্য সকল সূত্র, কর্তৃপক্ষ, সংস্থা ও প্রতিষ্ঠান থেকে শিশুস্বার্থ সংশিণ্ঢষ্ট বিষয়াদি নিয়ে অন্তর্ভুক্ত সংগঠনের সাথে যথাযথ যোগাযোগ ও কর্মসাধন করা হয়েছে। পরিবর্তিত পরিস্থিতিতে সংক্ষিপ্ত আকারে হলেও প্রতিবন্ধী শিশুসহ সকল শিশুর অধিকার, কল্যাণ ও উন্নয়ন এবং অন্তর্ভুক্ত সংগঠনসমূহের প্রয়োজনে বাশিকপ থেকে যথাযথ যোগাযোগ ও সহায়তা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে যতটা সম্ভব অন্তর্ভুক্ত সংগঠনের শিশুবন্ধুসহ বাশিকপ-এর কর্মসূচিসমূহের আওতায় সেবাগ্রহণকারী শিশুদের উলেণ্ঢখযোগ্য অংশগ্রহণের মাধ্যমে ফল উৎসব, সমাজকল্যাণ দিবস, মা দিবস, কন্যা শিশু ও প্রবীণ দিবস, জাতীয় ও আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস, বিশ্ব অটিজম দিবস, সেরিব্রাল পলসি দিবস, হেমোফিলিয়া দিবস, ফিজিওথেরাপি দিবস, মানসিক স্বাস্থ্য ও স্বাস্থ্য দিবস এবং মাসিক সাহিত্য আসর নিয়মিতভাবে পরিচালিত হয়েছে। এছাড়াও আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস, জাতীয় শিশু দিবস, জাতীয় শোক দিবস, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, মহান বিজয় দিবস, বাংলা বর্ষবিদায় ও বর্ষবরণ, বিশ্ব অটিজম দিবস, জাতীয় ও আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং শিশু অধিকার সপ্তাহ ও বিশ্ব শিশু দিবসে সামাজিক সুরক্ষা বজায় এবং ক্ষেত্র বিশেষে ভার্চুয়ালি অনুষ্ঠানমালা গ্রহণ করা হয়েছে। এ উপলক্ষগুলোর অনুষ্ঠানে এবার প্রথম ভার্চুয়ালি বিভিন্ন প্রতিষ্ঠানসহ অন্তর্ভুক্ত সংগঠনের শিশুসহ বাশিকপ-এর সেবাগ্রহণকারী শিশু এবং পার্শ্ববর্তী রাষ্ট্রের শিশু বন্ধুরাও অংশগ্রহণ করেছে। এবারে বাশিকপ-এর ওয়েবসাইটটি অধিকতর আধুনিকায়ন করে এর সাথে ফেইসবুক ও ইউটিউব এবং বাশিকপ, কার্যনির্বাহী পরিষদ, সম্মানিত কাউন্সিলরদের জন্য পৃথক ফেইসবুক ম্যাসেঞ্জার ও হোয়াটসঅ্যাপ অ্যাকাউন্ট খুলে তার যথার্থ ব্যবহার করা হয়েছে। এছাড়া মোবাইল মেসেঞ্জারের মাধ্যমে নিয়মিত নানারূপ তথ্য প্রদান করে সকলকে সকল বিষয়ে আপডেট রাখার প্রচেষ্টা করা হয়েছে।

## ৪. নিয়মিত কার্যক্রম

প্রায় ৬৫ বছরেরও অধিক সময় ধরে বাশিকপ শিশুদের সহায়ক ও শিশুবান্ধব এবং অতি প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ বিভিন্ন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করে আসছে। তারই ধারাবাহিকতায় স্থায়ী কার্যক্রমসমূহকে আরো সম্প্রসারিত করার পাশাপাশি নানা প্রকল্প ও কর্মসূচীর মাধ্যমে অধিক শিশুদের সম্পৃক্ত করে তাদের সার্বিক কল্যাণ ও উন্নয়নের জন্য অব্যাহত ধারায় কাজ করার পরিকল্পনা নিয়ে এ বছরে কার্যনির্বাহী পরিষদ কাজ শুরু করেছিল। কিন্তু বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর আঘাতে সারাদেশসহ সমগ্র বিশ্বের কার্যক্রম স্থবির হয়ে যাওয়া এবং সরকারের যোগাযোগ উন্নয়ন প্রকল্প মেট্টো রেলের কার্যক্রম চলমান থাকায় পরিকল্পনা মাফিক কাজ করা সম্ভব হয়ে উঠেনি। সীমাবদ্ধতার মাঝে এ বছর বাশিকপ পরিচালিত অন্যতম কার্যক্রমগুলো সংক্ষেপে নিম্নে বর্ণনা করা হলো :

### ৪.১ ফিরোজা বারী প্রতিবন্ধী শিশু হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্র

১৯৬১ সালে 'পঙ্গু চিকিৎসা কেন্দ্র' হিসেবে যাত্রা শুরু করা বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ-বাশিকপ-এর অন্যতম কল্যাণমুখী কর্মসূচী ফিরোজা বারি প্রতিবন্ধী শিশু হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্রের কার্যক্রমকে উন্নীত করে বর্তমানে ৭০ শয্যার অভ্যন্তরীণ বিভাগ, সম্প্রসারিত চিকিৎসা সেবা এবং সেবা ও সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ, কর্মশালা ও সভা-সেমিনার ইত্যাদির মাধ্যমে এ বছর ব্যাপক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। স্বাস্থ্যবিধির যথাযথ অনুসরণ ও প্রয়োগসহ গৃহীত নানারূপ উদ্যোগ, প্রচারণা ও গণসংযোগ এবং সেবা ও সুযোগ-সুবিধা বৃদ্ধি হওয়ায় অধিক পরিমাণ সেবা প্রত্যাশিদের চিকিৎসা সেবাসহ প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হয়েছে। গ্র্যাজুয়েট ফিজিওথেরাপিস্টসহ প্রয়োজনীয় জনবল বৃদ্ধি করে বহির্বিভাগ, অভ্যন্তরীণ বিভাগ এবং সম্প্রসারিত ওয়ার্ডে পর্যাপ্ত পরিমাণ প্রতিবন্ধী শিশুর সেবা প্রদান করা হয়েছে। এ বছরে ইতোমধ্যে প্রায় ৪ হাজারের অধিক প্রতিবন্ধী শিশু এবং ৩শ' জনের অধিক প্রাপ্তবয়স্ক প্রতিবন্ধী ও চাহিদাসম্পন্নকে সেবা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে দাতা ব্যক্তি ও প্রতিষ্ঠানের সহায়তায় হাসপাতালের নতুন বেড ও সাইড কেবিনেটের ব্যবস্থা করা হয়েছে।

### ৪.২ বৈকালিক চিকিৎসা

ক্রমবর্ধমান চাহিদা বিবেচনা করে ফিরোজা বারি প্রতিবন্ধী শিশু হাসপাতালে ২০১২ সালের ফেব্রুয়ারি মাস থেকে নিয়মিত চিকিৎসা কার্যক্রমের পাশাপাশি আরম্ভ করা প্রাপ্তবয়স্ক ও স্বচ্ছল পরিবারের শিশুদের সহায়ক বৈকালিক চিকিৎসা কর্মসূচীর আওতায় এ সময়ে ৩ হাজারের অধিক চিকিৎসা সেবা প্রদান করা সম্ভব হয়েছে।

### ৪.৩ ব্রেসওয়ার্কশপ

প্রতিবন্ধিত্ব মোচন, স্বাবলম্বীতা অর্জন ও স্বাভাবিক চলাচলে সহায়তার জন্য প্রয়োজনীয় অর্থোসিস ও প্রোসথেসিস অর্থাৎ প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কৃত্রিম অঙ্গ ও সহায়ক সামগ্রী প্রস্তুত ও সরবরাহের উদ্দেশ্যে ১৯৮৮ সাল থেকে পরিচালিত বাশিকপ-এর একটি আধুনিক কর্মসূচি 'ব্রেসওয়ার্কশপ'। এ সময়ে ব্রেসওয়ার্কশপের প্রয়োজনীয় সংস্কার ও সম্প্রসারণ, লোকবলের প্রশিক্ষণ এবং কাঁচামালের পরিমাণ বৃদ্ধি করে মোট ৬০২ জন প্রতিবন্ধীর জন্য ৬৮৭টি সহায়ক উপকরণ প্রস্তুত ও সরবরাহ করা হয়েছে।

### ৪.৪ আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্র

১৯৯৫ সালে অ্যাকশন এইড বাংলাদেশের আর্থিক সহায়তায় এবং ২০০২ সালের পর থেকে নিজস্ব উদ্যোগে প্রতিবন্ধী শিশু ও তাদের পরিবারকে নিজ সমাজের মধ্যে রেখে নিয়মিত পর্যবেক্ষণ, সচেতনতা সৃষ্টি ও প্রয়োজনীয় পরিচর্যার মাধ্যমে পুষ্টি ও চিকিৎসা সেবা সহায়তা, বিশেষ শিক্ষাসহ নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা লাভের উপযোগী করে তোলা;– প্রশিক্ষণের মাধ্যমে পরিবারগুলোর পুনর্বাসন এবং প্রতিবন্ধী বিষয়ক সচেতনতা বৃদ্ধিসহ প্রতিবন্ধী শিশু ও তাদের পরিবারকে সমাজের মূলধারার সাথে সম্পৃক্ত করার লক্ষ্যে পরিচালিত শিশু উন্নয়ন প্রকল্প-সিডিপি'র জন্য এ কার্যবর্ষে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের মাধ্যমে সেবার মান উন্নীত এবং আওতা বৃদ্ধি করা হয়েছে। প্রথম পর্যায়ে ২ বছর মেয়াদের জন্য সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে গত আগস্ট ২০১৮ থেকে আলহাজ্ব আনোয়ার হোসেন ফাউন্ডেশনের আর্থিক সহায়তায় এর সেবার স্থান, জনবল ও কাজের পরিধি বৃদ্ধি করা হয়েছে। পরবর্তীতে পর্যায়ে উক্ত ফাউন্ডেশনের অর্থায়নের মেয়াদ আরো তিন বছর বৃদ্ধি করে তাদের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়। এর আওতায় প্রকল্পটি আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্র (বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ-বাশিকপ এবং আলহাজ্ব আনোয়ার হোসেন ফাউন্ডেশনের যৌথ প্রকল্প) নামকরণে পরিচালিত হচ্ছে। প্রকল্পটির সাথে বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ প্রাথমিক বিদ্যালয় নামকরণে সরকারি অনুমোদনে প্রতিবন্ধী শিশুদের নিয়মিতভাবে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের ব্যবস্থা করা হচ্ছে। এছাড়া প্রতিবন্ধী শিশুদের ফিজিওথেরাপি ও স্পিচথেরাপি চিকিৎসা, স্বাস্থ্য ও পুষ্টি সেবা এবং স্কুলভিত্তিক বিশেষ শিক্ষা কর্মসূচীর পাশাপাশি প্রয়োজনীয় প্রশিক্ষক নিয়োগের মাধ্যমে প্রতিবন্ধী শিশুদের জন্য নিয়মিত ক্রীড়া, নৃত্য, সঙ্গীত ও চিত্রাঙ্কন শিক্ষার ক্লাস ও প্রশিক্ষণ কর্মসূচী চালু করা হয়েছে। এর সাথে এলাকায় নিয়মিত যোগাযোগ এবং শুভানুধ্যায়ী ও অভিভাবকদের নিয়ে সভা ও সম্মিলন করে অধিকাংশ প্রতিবন্ধী ব্যক্তিকে সরকারি জরিপের অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া ১২২ জন প্রতিবন্ধী শিশুর, ১১৯ জন বৃদ্ধ পুরুষ ও মহিলার সরকারি ভাতা এবং ১৫ জন প্রতিবন্ধী শিশুর শিক্ষা উপবৃত্তির ব্যবস্থা করা হয়েছে। এ বছরে উক্ত প্রকল্পের আওতায় মোট ৯,১২৫ জনকে ৪৬,৪১৩টি সেবা প্রদান করা হয়েছে। এদের মধ্যে ৩৪৮০ ফিজিওথেরাপি, ১৮৯২ স্পিচথেরাপি, ৯৮ প্লাস্টার, ২২২০ সাধারণ চিকিৎসা, ৭৭২ চিকিৎসা সেবা, ৪৮০ প্রশিক্ষণ এবং ২২৩ জনকে শিক্ষা ও অন্যান্য সেবা সহায়তা প্রদান করা হয়েছে। কোভিড-১৯ এর কারণে এ বছর প্রাথমিক শিক্ষা

সমাপনী পরীক্ষা না হওয়ায় সিডিপি পরিচালিত বিদ্যালয় থেকে ৫ জন প্রতিবন্ধী শিশুকে প্রস্তুত করলেও অংশগ্রহণ করানো সম্ভব হয়নি। প্রকল্পের পরিচর্যায় প্রতিবন্ধী শিশু হাসিবুর রহমান শান্তকে প্রয়োজনীয় প্রশিক্ষণ, সহায়তা ও উৎসাহ দেয়ায় সে চ্যানেল আই-এ পরিচালিত ব্র্যাক কর্মসূচীর 'তারায় তারায় দীপশিখা' প্রতিযোগিতায় অংশগ্রহণ করে চ্যাম্পিয়ন এবং 'গানের রাজা' প্রতিযোগিতার মেগা অডিশনে উত্তীর্ণ হয়ে বিজয় লাভ করে। বর্তমানে সে বাংলাদেশ শিল্পকলা একাডেমির সঙ্গীত বিভাগে প্রশিক্ষণ লাভ করছে এবং বিভিন্ন জাতীয় অনুষ্ঠানে অংশগ্রহণের মাধ্যমে নিজেকে প্রতিষ্ঠিত করেছে।

### ৪.৫ প্রশিক্ষণ কর্মসূচী

ক. শিশু উন্নয়ন ও প্রতিবন্ধী শিশু সম্বন্ধে শিক্ষা এবং ফিজিওথেরাপি বিষয়ক ব্যবহারিক প্রশিক্ষণের অংশ হিসেবে এ বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান-নিটোর, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি-ঢাকা, সাইক ইনস্টিটিউট অব মেডিকেল টেকনোলজি এবং এস্টেট কলেজ অব হেলথ সায়েন্স-এর ডিগ্রি কোর্স সমাপ্ত ফিজিওথেরাপিস্টদের বিভিন্ন মেয়াদে মানসম্মত কারিকুলামে থিওরেটিক্যাল এবং প্র্যাকটিক্যাল প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সে সাথে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান-নিটোর, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি, এস্টেট কলেজ অব হেলথ সায়ন্স এবং সাইক ইনস্টিটিউট অব মেডিকেল টেকনোলজির ফিজিওথেরাপী উত্তীর্ণ ছাত্রছাত্রীগণ বিভিন্ন মেয়াদে ইন্টার্নশিপ গ্রহণ করেছে। এ সকল কোর্স শেষে অংশগ্রহণকারীদের সার্টিফিকেট প্রদান করা হয়েছে। হেমোফিলিয়া সোসাইটি অব বাংলাদেশের সাথে যৌথভাবে প্রশিক্ষণ ও সেবাসহ বিভিন্ন কার্যক্রম পরিচালিত হয়েছে।

খ. ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ বিভাগ এবং ইনস্টিটিউট অব হিউম্যান সায়েন্সের ছাত্রছাত্রীগণ পরিষদের প্রতিবন্ধী কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বিষয়ে গবেষণা ও প্রশিক্ষণ গ্রহণ করেছে।

### ৪.৬ অনানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম

বাশিকপ পরিচালিত ফিরোজা বারি প্রতিবন্ধী শিশু হাসপাতালের অভ্যন্তরীণ বিভাগে চিকিৎসারত প্রতিবন্ধী শিশু এবং তাদের অভিভাবকদের চিকিৎসা সেবার পাশাপাশি সাধারণ শিক্ষা, স্বাস্থ্য সেবা, পুষ্টি, পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ দৈনন্দিন নানা বিষয় সম্পর্কে জ্ঞান ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অনানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হয়। হাসপাতালের অভিজ্ঞ ফিজিওথেরাপিস্টদের মাধ্যমে কেয়ারটেকারের সহায়তায় কার্যক্রমটি নিয়মিতভাবে পরিচালনা করা হয়।

### ৪.৭ বাশিকপ বিশেষ শিশু শিক্ষা বিদ্যালয়

এ কার্যবর্ষের শুরুতে সিদ্ধান্ত গ্রহণ করে প্রতিবন্ধী ও চাহিদাসম্পন্ন শিশুদের জন্য একটি বিশেষ শিশু শিক্ষা বিদ্যালয় তার কার্যক্রম শুরু করেছে। স্থান সংকুলানের অপর্যাপ্ততা থাকার কারণে বর্তমানে একজন শিক্ষককে নিয়ে ৮ জন শিশুকে বিশেষ ব্যবস্থাপনায় শিক্ষা সেবা প্রদান করা হচ্ছে। ভবিষ্যতে স্থান সংকুলান করে এটিকে আরো সম্প্রসারিত আকারে পরিচালনা করার পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে।

### ৪.৮ মাসিক সাহিত্য আসর

সাহিত্য ও সংস্কৃতি অঙ্গনে শিশু-কিশোরদের সুপ্ত প্রতিভা বিকাশে উৎসাহীত করার লক্ষ্যে বাশিকপ গত ৮ মে ২০০৯ থেকে মাসিক সাহিত্য আসর শুরু করে। বর্তমানে এটি বাশিকপ-এর একটি অন্যতম নিয়মিত আয়োজন। প্রতি মাসের প্রথম শুক্রবার বিকাল ৪টায় বাশিকপ মিলনায়তনে এ আসর অনুষ্ঠিত হয়। আসরে শিশু-কিশোর ক্ষুদে লিখিয়ে বন্ধুসহ শিশুতোষ লেখনীর সাথে সংশ্লিষ্টদের রচিত ছড়া, কবিতা, গল্প, প্রবন্ধ, কৌতুক, ভ্রমণ অভিজ্ঞতাসহ নানা বিষয়ে লেখা, পাঠ এবং পঠিত লেখার উপর আঙ্গিক, শব্দের ব্যবহার ও সার্বিক মান উন্নয়ন বিষয়ে আলোচনা করা হয়। এ বছর লিখিয়ে বন্ধুদের শারীরিক উপস্থিতি এবং জুম ক্রয় করে পরিবর্তিত পরিস্থিতিতে ভার্চুয়াল মাধ্যমে সাহিত্য আসর আয়োজন করে সফলভাবে তাদের **১১২**তম আসর সম্পন্ন করেছে। ইতোমধ্যে শততম আসর সমাপ্তির পর নিয়মিত লিখিয়ে বন্ধুসহ শিশু সাহিত্যিকদের লেখা সংযোজন করে একটি সংখ্যা প্রকাশ করে তার মোড়ক উন্মোচন করা হয়েছে।

## ৫. বার্ষিক কার্যক্রম

সকলের ঐকান্তিক প্রচেষ্টা, সাহায্য, সহযোগিতা ও অন্তর্ভুক্ত সংগঠনসমূহের শিশুবন্ধুসহ বাশিকপ-এর সেবা গ্রহণকারী বন্ধুদের অংশগ্রহণে এ বছর নিম্নোক্ত কর্মসূচী ও অনুষ্ঠানসমূহ সফলতার সাথে সম্পন্ন করা হয়েছে ঃ

### ৫.১ বার্ষিক বনভোজন ও আনন্দ ভ্রমণ

সম্মানিত কাউন্সিলর ও তাদের পরিবারের সদস্য এবং বাশিকপ-এর নিয়মিত কর্মকান্ড ও কর্মসূচীসমূহ বাস্তবায়নের সাথে জড়িত জনবলের বিনোদনের স্বার্থে তাদের পরিবারসহ গত ৮ জানুয়ারি ২০২২ শনিবার আলাদিন'স পার্ক রিসোর্ট এন্ড ওয়াটারওয়ার্ল্ড, ধামরাইয়ে বার্ষিক বনভোজনের আয়োজন করা হয়। এতে বাশিকপ জনবলের পাশাপাশি সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তা এবং তাদের পরিবারের সদস্যবৃন্দও অংশ নেন। দিনভর আয়োজনে শিশুসহ সকলের জন্য ওয়াটারওয়ার্ল্ডে আনন্দমেলা আয়োজনের ব্যবস্থা করা হয়। মনোরম প্রাকৃতিক পরিবেশে অংশগ্রহণকারী সকলেই আনন্দ উপভোগ করেন। কুপন ও র‌্যাফেল ড্র'য়ের পাশাপাশি এবারে অংশগ্রহণকারী জনবল ও কাউন্সিলর প্রত্যেকের জন্য একটি করে উপহারের ব্যবস্থা করা হয়। সুস্বাদু খাবার ও তার পরিবেশনা ছিল সুশৃঙ্খল ও তৃপ্তিদায়ক।

### ৫.২ আন্তর্জাতিক মাতৃভাষা ও মহান শহীদ দিবস

ক. ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা ও মহান শহীদ দিবস উদযাপন উপলক্ষে বাশিকপ-এর আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্র এবং ফিরোজা বারি প্রতিবন্ধী শিশু হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্রের সীমিত সংখ্যক শিশুবন্ধুদের নিয়ে প্রভাত ফেরি করা হয়। বিশেষ অনুমতিতে প্রতিবন্ধী শিশুদের একটি দল জাতীয় শহীদ মিনার বেদিতে পুষ্পার্ঘ অর্পণ করে মহান ভাষা আন্দোলনের শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে।

খ. ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা ও মহান শহীদ দিবস উদযাপন উপলক্ষে বাশিকপ প্রাঙ্গণে ভাষা আন্দোলন স্মৃতি রক্ষা পরিষদের সহায়তায় এ বছর ১৫ ফেব্রুয়ারি থেকে মাস জুড়ে ভাষা আন্দোলনের আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। বিপুলসংখ্যক দর্শক ও শিশুবন্ধুরা এ প্রদর্শনী পরিদর্শন করে মহান ভাষা আন্দোলনের ইতিহাস বিষয়ে সম্যক ধারণা অর্জন করে।

### ৫.৩ জাতীয় শিশু দিবস উদযাপন এবং রচনা প্রতিযোগিতা

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি স্বাধীন বাংলার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিনে জাতীয় শিশু দিবস উপলক্ষে ১৭ মার্চ ২০২২ সুবিধাভোগী চাহিদাসম্পন্ন শিশু ও তাদের অভিভাবকসহ শিশুদের অংশগ্রহণে মানববন্ধনের আয়োজন করা হয়। এ উপলক্ষে অন্তর্ভুক্ত সংগঠন ও শিক্ষা প্রতিষ্ঠানের শিশুদের জন্য রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়। এ উপলক্ষে ফিরোজা বারি প্রতিবন্ধী শিশু হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্রের অভ্যন্তরীণ বিভাগে অবস্থানরত প্রতিবন্ধী শিশু ও তাদের অভিভাবকদের জন্য বিশেষ খাবারের ব্যবস্থা করা হয়।

### ৫.৪ মহান স্বাধীনতা দিবস

ক. ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে ফিরোজা বারি প্রতিবন্ধী শিশু হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্রের অভ্যন্তরীণ বিভাগে অবস্থানরত প্রতিবন্ধী শিশু ও তাদের অভিভাবকদের নিয়ে বিশেষ অনুষ্ঠান আয়োজন করা হয়। সকালে বাশিকপ ভবনে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠান শুরু করা হয়। এছাড়া লালবাগস্থ শিশু উন্নয়ন প্রকল্প-সিডিপি'র প্রতিবন্ধী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সঙ্গীত ও পতাকা মিছিলের আয়োজন করা হয়। অনুষ্ঠান শেষে হাসপাতালের অবস্থানকারীদের জন্য দুপুরে উন্নত খাবার এবং বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মাঝে মিষ্টিমুখের ব্যবস্থা করা হয়। অনুষ্ঠানে বাশিকপ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

খ. বাংলাদেশের ৫০তম মহান স্বাধীনতা দিবস উপলক্ষে ২৬ মার্চের পূর্বে পৃথক দু'টি দিনে বাশিকপ মিলনায়তনে অন্তর্ভুক্ত সংগঠন ও বিদ্যালয়সমূহের শিশুদের অংশগ্রহণে চিত্রাঙ্কন ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করা হয়। এতে বিপুল সংখ্যক শিশুবন্ধু অংশগ্রহণ করে তাদের প্রতিভার স্বাক্ষর রাখে।

গ. বাংলাদেশের ৫০তম মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে ২৭ মার্চ ২০২২ইং তারিখ বিকালে বাশিকপ মিলনায়তনে আলোচনা সভা, জাতীয় শিশু দিবসের রচনা প্রতিযোগিতা এবং মহান স্বাধীনতা দিবসের চিত্রাঙ্কন ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার পুরস্কার বিতরণ এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতি জনাব রাশেদ খান মেনন এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আলোচনায় অংশগ্রহণ ও পুরস্কারপ্রাপ্ত শিশুদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাশিকপ সভাপতি বীরমুক্তিযোদ্ধা ডা. মাখদুমা নার্গিস।

### ৫.৫ সদর দফতর ও ফিরোজা বারি প্রতিবন্ধী শিশু হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্রকে নিয়ে অনুষ্ঠান

এ বছর সদর দফতর ও ফিরোজা বারি প্রতিবন্ধী শিশু হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্রকে নিয়ে ইংরেজী ও বাংলা নববর্ষের অনুষ্ঠান, স্বাস্থ্য দিবস, শিক্ষা দিবস, অটিজম সচেতনতা দিবস, হিমোফিলিয়া দিবস, ফিজিওথেরাপি দিবস, জাতীয় ও আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবসসহ নানারূপ আয়োজন করা হয়। বাশিকপ-এর নবনিযুক্ত পরিচালক এবং হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্রের অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত চীফ ফিজিওথেরাপিস্টের সুদক্ষ সমন্বয়ের মাধ্যমে প্রতিবন্ধী শিশুদের জন্য প্রয়োজনীয় চিকিৎসা কার্যক্রম সফলভাবে পরিচালনা করে।

### ৫.৬ বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক ফলাফল প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান

এ বছর আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্রের আওতায় সুবিধাভোগী প্রতিবন্ধী শিশুদের জন্য পরিচালিত বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ প্রাথমিক বিদ্যালয়ের বিশেষ শিক্ষা কার্যক্রমের প্রতিবন্ধী শিশুদের বার্ষিক পরীক্ষার ফলাফল প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপলক্ষে প্রকল্প কার্যালয়ে বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে অর্থায়নকারী প্রতিষ্ঠান আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের আলহাজ্ব আনোয়ার হোসেন ফাউন্ডেশনের ও বাশিকপ-এর প্রতিনিধিসহ এলাকার শুভাকাঙ্ক্ষী, বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। উত্তীর্ণ প্রতিবন্ধী শিশুদের ফলাফল প্রদান শেষে প্রতিবন্ধী শিশুদের মনোজ্ঞ পরিবেশনা সকলকে মুগ্ধ করে।

### ৫.৭ নতুন বই ও শিক্ষা সামগ্রী বিতরণ

আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্রের আওতায় সুবিধাভোগী প্রতিবন্ধী শিশুদের জন্য পরিচালিত বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ প্রাথমিক বিদ্যালয়ের বিশেষ শিক্ষা কার্যক্রমে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের মাঝে নতুন বই ও শিক্ষা সামগ্রী বিতরণ করা হয়। উক্ত অনুষ্ঠানে অর্থায়নকারী প্রতিষ্ঠান আলহাজ্ব আনোয়ার হোসেন ফাউন্ডেশনের প্রতিনিধিগণসহ বাশিকপ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

**৫.৮ ১৫তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস**

২ এপ্রিল ২০২২ শনিবার ১৫তম বিশ্ব অটিজম দিবস উপলক্ষে পরিষদের লালবাগস্থ আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্রের সেবা গ্রহীতা ও ছাত্রছাত্রীদের নিয়ে মানববন্ধনের আয়োজন করা হয়। উক্ত মানববন্ধনে অর্থায়নকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিসহ বাশিকপ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অতিথি হিসেবে ঢাকা সিটি করপোরেশনের ২৩নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর উপস্থিত ছিলেন। এক ঘন্টা স্থায়ী মানববন্ধনে এলাকার সাধারণ মানুষের জন্য অটিজম সচেতনতা বিষয়ক প্রচারণা চালানো হয়। অনুষ্ঠান শেষে অংশগ্রহণকারী সকল শিশু ও অভিভাবকদের মাঝে নাস্তা বিতরণ করা হয়।

**৫.৯ এনজিও ওয়ার্ল্ড ভিশন এর অনুষ্ঠানে অংশগ্রহণ**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিনে জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে এনজিও ওয়ার্ল্ড ভিশন প্রতিবন্ধী শিশুদের নিয়ে একটি অনুষ্ঠানের আয়োজন করে। সেখানে বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ পরিচালিত আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্র থেকে অংশ নেয়া ১০ জন প্রতিবন্ধী শিশুকে নানা রকম খেলনা সামগ্রি উপহার দেয়া হয়।

**৫.১০ জাতীয় শোক দিবস পালন**

স্বাধীন বাংলাদেশের স্থপতি, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাৎবার্ষিকী উপলক্ষে ১৬ আগস্ট ২০২২, মঙ্গলবার বিকাল ৪টায় বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ মিলনায়তনে জাতীয় শোক দিবসের আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। উক্ত সভায় বিশিষ্ট কথাসাহিত্যিক ডা. আনোয়ারা সৈয়দ হক প্রধান অতিথি এবং বাংলাদেশ শিশু একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মোঃ শরিফুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন বাশিকপ সভাপতি বীরমুক্তিযোদ্ধা ডা. মাখদুমা নার্গিস। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন উদযাপন কমিটির চেয়ারম্যান বীরমুক্তিযোদ্ধা মোঃ জাকারিয়া পিন্টু, কার্যনির্বাহী পরিষদ সদস্য এটিএম মমতাজুল করিম ও প্রফেসর নাসিমুন নেসা, যুগ্ম সম্পাদক সম্পাদক নাসের ইকবাল যাদু, সাধারণ সম্পাদক মোহাম্মদ মনিরুল আলম। বাশিকপ-এর কাউন্সিলর ও সকল কর্মকর্তাসহ অন্তর্ভুক্ত সংগঠনের প্রতিনিধি ও শিশু বন্ধুরা এতে অংশগ্রহণ করে। জাতীয় সংগীত পরিবেশনার ও পবিত্র কুরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। এরপর অন্তর্ভুক্ত সংগঠনের শিশুবন্ধুরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সম্মানে আবৃত্তি, সঙ্গীত ও নৃত্য পরিবেশন করে। জাতির পিতার বর্ণাঢ্য জীবন ও অবদানের উপর আলোচনা শেষে তার রুহের মাগফেরাত কামনা করে দোয়া করা হয়। দোয়া শেষে সকলকে আপ্যায়ন করানো হয়।

**৫.১১ বাশিকপ-এর প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন**

বাশিকপ-এর ৬৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ১৪ সেপ্টেম্বর ২০২১ বিকেলে বাশিকপ মিলনায়তনে কার্যনির্বাহী পরিষদ সদস্য ও বিভিন্ন উপ-কমিটির সদস্যদের উপস্থিতিতে সভাপতি বীরমুক্তিযোদ্ধা ডা. মাখদুমা নার্গিস কেক কেটে একটি সংক্ষিপ্ত অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে নিয়মিত সেবাগ্রহীতা শিশুবন্ধুসহ অন্তর্ভুক্ত সংগঠনের বেশ কিছু শিশুবন্ধু অংশগ্রহণ করে।

১৪ সেপ্টেম্বর ২০২২ তারিখ বাশিকপ তার ৬৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করে। এ উপলক্ষে প্রথম পর্বে সকলকে নিয়ে কেক কেটে অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। এরপর সকলে মধ্যাহ্নভোজে মিলিত হয়। বিকেলে বাশিকপ যাকাত ফান্ডের আর্থিক সহায়তায় সুবিধাবঞ্চিত চাহিদাসম্পন্ন শিশুদের ১৭টি পরিবারের মাঝে সেলাই মেশিন ও এমব্রয়ডারি মেশিন বিতরণ করা হয়। ৬৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে একটি লোগো তৈরি করে সম্মানিত কাউন্সিলরদের মাঝে স্মারক উপহার হিসেবে টি-শার্ট বিতরণের উদ্যোগ নেয়া হয়। এ উপলক্ষে বার্ষিক সাধারণ সভার দ্বিতীয় পর্বে একটি অনুষ্ঠানের আয়োজন রাখা হয়।

**৫.১২ শেখ রাসেলের জন্মদিন পালন**

এ বছর প্রতিবারের ন্যায় যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৭তম জন্মদিন পালন করা হয়। এ উপলক্ষে ১৮ অক্টোবর ২০২১ পরিষদ মিলনায়তনে সেবা গ্রহণকারী শিশু ও তাদের অভিভাবকদের নিয়ে কেক কেটে উন্নত খাবার বিতরণ করা হয়।

**৫.১৩ শিশু অধিকার সপ্তাহ ও বিশ্ব শিশু দিবস**

শিশু অধিকার সপ্তাহ ও বিশ্ব শিশু দিবস-২০২১ উপলক্ষে মাসব্যাপী অনুষ্ঠানমালা গ্রহণ করা হয়। মাসব্যাপী অনুষ্ঠানমালার মধ্যে বাশিকপ প্রাঙ্গণ ও মিলনায়তনে র‌্যালি ও মানববন্ধন, আন্তর্জাতিক কন্যা শিশু দিবসের আলোচনা সভা, শিশু চিত্রাঙ্কন, সঙ্গীত ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয়। এছাড়া বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহড়াকক্ষে সারাদেশের শিশুদের নিয়ে ২ দিনব্যাপী জাতীয় নৃত্য প্রতিযোগিতার আয়োজন করা হয়। সেখানে বাশিকপ-এর অন্তর্ভুক্ত সংগঠন, ঢাকা মহানগরীর বিদ্যালয় ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানসহ ঢাকার বাইরের ৭টি জেলার শিশুরা অংশগ্রহণ করে। মাসব্যাপী এ আয়োজনে ঝুঁকিপূর্ণ শিশু শ্রম বন্ধ, শিশু পাচার, ধর্ষণ ও শিশু নির্যাতন বন্ধ, পৃথক শিশু মন্ত্রণালয়/অধিদপ্তর গঠনের দাবিসহ নানারূপ দাবি তুলে ধরা হয়।

মাসব্যাপী আয়োজনের সমাপনী অনুষ্ঠান ২৮ অক্টোবর ২০২১ বৃহস্পতিবার বিকাল ৪টায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ডা. দীপু মনি এমপি, মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান অতিথি এবং লিয়াকত আলী লাকি, মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে শিশুদের মাঝে পুরস্কার বিতরণ করেন এবং বিজয়ীদের নিয়ে ফটোসেশনে মিলিত হন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাশিকপ সভাপতি বীরমুক্তিযোদ্ধা ডা. মাখদুমা নার্গিস। অনুষ্ঠানে বক্তব্য রাখেন উদযাপন কমিটির চেয়ারম্যান বীরমুক্তিযোদ্ধা মোঃ জাকারিয়া পিন্টু ও পরিষদের সাধারণ সম্পাদক মোহাম্মদ মনিরুল আলম। অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশেষ অতিথিকে পরিষদের পক্ষ থেকে ক্রেস্ট ও বনশাই বৃক্ষ প্রদান করা হয়।

**৫.১৪ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মহান বিজয় দিবস**

মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে ১৬ ডিসেম্বর সকালে বাশিকপ ভবনে জাতীয় পতাকা উত্তোলন ও বাশিকপ প্রাঙ্গণে শিশুদের পতাকা মিছিলের আয়োজন করা হয়। উপস্থিত অতিথি ও অংশগ্রহণকারীসহ অভ্যন্তরীণ বিভাগে অবস্থানকারী প্রতিবন্ধী শিশু ও তাদের অভিভাবকদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়। মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে বাশিকপ পরিচালিত লালবাগস্থ আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্র এবং বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ প্রতিবন্ধী প্রাথমিক বিদ্যালয়ের শিশুদের সমবেত করে বিদ্যালয় প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সঙ্গীত পরিবেশন ও পতাকা মিছিলের আয়োজন করা হয়। শিশুদেরকে মহান বিজয় দিবস উপলক্ষে ধারণা প্রদান করা হয়। অতঃপর শিশুদের মাঝে নাস্তা ও দুধ বিতরণ করা হয়।

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে ২৯ ডিসেম্বর ২০২১, বুধবার বিকাল ৪টায় 'মুক্তিযুদ্ধের বিজয় গাথা' শীর্ষক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধ যাদুঘরের ট্রাস্টি বীরমুক্তিযোদ্ধা ডা. সারওয়ার আলী; সাংস্কৃতিক ব্যক্তিত্ব বীরমুক্তিযোদ্ধা নাসিরউদ্দীন ইউসুফ বাচ্চু; স্বাধীন বাংলা ফুটবল দলের সদস্য বীরমুক্তিযোদ্ধা শেখ আশরাফ আলী, বীরমুক্তিযোদ্ধা প্রতাপ শংকর হাজরা ও বীরমুক্তিযোদ্ধা আব্দুস সাত্তার। সভাপতিত্ব করেন বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ-এর সভাপতি বীরমুক্তিযোদ্ধা ডা. মাখদুমা নার্গিস।

**৫.১৫ শততম মাসিক সাহিত্য আসর উপলক্ষে ঊর্মি'র মোড়ক উন্মোচন**

বাশিকপ মাসিক সাহিত্য আসর শততম পর্ব উপলক্ষে প্রকাশিত ঊর্মির মোড়ক উন্মোচন উপলক্ষে ৩ ডিসেম্বর ২০২১ শুক্রবার বিকাল ৪টায় পরিষদ মিলনায়তনে অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিশিষ্ট শিশু সংগঠক স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শব্দ সৈনিক বীরমুক্তিযোদ্ধা অধ্যাপক নিরঞ্জন অধিকারী প্রধান অতিথি এবং দৈনিক দেশেরকণ্ঠ পত্রিকার উপদেষ্টা সম্পাদক কবি নাসির আহমেদ সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন বাশিকপ সভাপতি বীরমুক্তিযোদ্ধা ডা. মাখদুমা নার্গিস। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাহিত্য, পাঠাগার, প্রশিক্ষণ, গবেষণা ও প্রকাশনা উপ-কমিটির চেয়ারম্যান এম আজিজুল ইসলাম এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ মনিরুল আলম। উপ-কমিটির সদস্য সচিব সালাহউদ্দীন কুটু অনুষ্ঠান সঞ্চালনার দায়িত্ব পালন করেন। অতিথিবৃন্দের বক্তব্য শেষে আনুষ্ঠানিকভাবে প্রকাশনাটির মোড়ক উন্মোচন করা হয়।

**৫.১৬ শিক্ষা ও বিনোদন সফর**

কনকর্ড গ্রুপ কর্তৃক বছরে দু'বার বাশিকপ-এর ৭০ জন প্রতিবন্ধী শিশুর বিনামূল্যে ফ্যান্টাসি কিংডম ও হ্যারিটেস পার্কে বিনোদন এবং মধ্যাহ্নভোজ করার অনুমোদন অনুযায়ী গত ২২ ডিসেম্বর ২০২১ বুধবার বাশিকপ পরিচালিত আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্রের ৩০ জন ছাত্র-ছাত্রী এবং ফিরোজা বারি প্রতিবন্ধী শিশু হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্রের ৪০ জন শিশু ও তাদের অভিভাবকদের নিয়ে আশুলিয়াস্থ ফ্যান্টাসি কিংডমে শিক্ষা ও বিনোদন সফরের আয়োজন করা হয়েছে। প্রতিবন্ধী শিশুরা হ্যারিটেজ পার্কের সংরক্ষিত প্রত্নতত্ত্ব ও ঐতিহাসিক উপকরণসমূহ ঘুরে ঘুরে দেখে। ফ্যান্টাসি কিংডম-এর বিস্তীর্ণ এলাকায় বিভিন্ন রাইডে চড়ে ও ব্যবহার করে এবং খেলাধুলা করে আনন্দ উপভোগ ও ফটোসেশনে অংশগ্রহণ করে। মাঝে সকলে একত্রে মধ্যাহ্নভোজে মিলিত হয়। বিকেলের পড়ন্ত বেলায় বাশিকপ-এর মহিলা কর্মকর্তা ও প্রতিবন্ধী শিশুর মায়েদের অংশগ্রহণে আয়োজিত খেলা সকলের কাছে খুবই উপভোগ্য হয়ে ওঠে।

**৫.১৭ ক্লাশ পার্টি ও ফল উৎসব**

ক. ফেব্রুয়ারি মাসে আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্রের শিশুদের নিয়ে ক্লাশ পার্টি ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে অন্যান্যদের সাথে বাশিকপ সাধারণ সম্পাদক মোহাম্মদ মনিরুল আলম, যুগ্ম সম্পাদক নাসের ইকবাল যাদু, কোষাধ্যক্ষ এ কিউ এম কিবরিয়া, সম্মানিত কাউন্সিলর আতিকুর রহমান উজ্জল, মোঃ সেলিম, বাশিকপ পরিচালক ইয়াসমিন আরা ডলি এবং আলহাজ্ব আনোয়ার হোসেন ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক মাহবুবুল হক, সহকারী ব্যবস্থাপক সৈয়দ ইমরান আলী উপস্থিত থেকে সকলকে উৎসাহিত করেন। উপস্থিত ছাত্রছাত্রীর অভিভাবকদের সাথে মতবিনিময়ে তারা সন্তোষ প্রকাশ করেন এবং প্রকল্পের বর্তমান গৃহীত কার্যক্রমসমূহ আরো বেগবান করার পরামর্শ দেন। অতঃপর ছাত্রছাত্রীদের পরিবেশনায় আনন্দ অনুষ্ঠান শেষে নাস্তা ও খাবার বিতরণ করা হয়।

খ. অর্ধবার্ষিকী পরীক্ষার ফল প্রকাশ উপলক্ষে প্রকল্প কার্যালয়ে বার্ষিক ফল উৎসবের আয়োজন করা হয়। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক মোহাম্মদ মনিরুল আলম, যুগ্ম সম্পাদক নাসের ইকবাল যাদু, কোষাধ্যক্ষ এ কিউ এম কিবরিয়া। এ সময় ছাত্রছাত্রীর মাঝে ফল বিতরণ এবং অর্ধবার্ষিকী পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়। অনুষ্ঠানে গ্রীষ্মকালীন ফল আম, জাম, কলা, লিচু, কাঁঠাল, আনারস, লটকন, পেয়ারা, তালবিচি ইত্যাদি প্রদর্শন ও সকলের মাঝে বিতরণ করা হয়। এবারের ফল উৎসবে বিতরণকৃত ফল ক্রয়ের জন্য আর্থিক সহায়তা প্রদান করেন বাশিকপ পরিচালক ইয়াসমিন আরা ডলি।

### ৫.১৮ প্রয়াত কর্মকর্তাদের জন্য মিলাদ মাহফিল, আলোচনা সভা ও ইফতার মাহফিল

১৬ এপ্রিল ২০২২ শনিবার বিকাল ৪টায় বাশিকপ মিলনায়তনে সদ্য প্রয়াত দীর্ঘদিনের সহ-সভাপতি বিশিষ্ট শিশু সংগঠক এম আজিজুল ইসলামসহ প্রয়াত সকল কর্মকর্তা, কাউন্সিলর, কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলের স্মরণে মিলাদ মাহফিল এবং পবিত্র মাহে রমজান উপলক্ষে আলোচনা সভা ও ইফতার মাহফিলের আয়োজন করা হয়। বাশিকপ-এর কর্মকর্তা ও কাউন্সিলর এবং কর্মরত সকল কর্মচারীসহ অন্তর্ভুক্ত সংগঠনের প্রতিনিধিবৃন্দ ও শিশুবন্ধুরা উপস্থিত ছিলেন। রমজান থেকে শিক্ষা গ্রহণ করে আমাদের দৈনন্দিন জীবনে তা কাজে লাগানোর অঙ্গীকার ব্যক্ত করে বাশিকপ-এর প্রয়াত সহ-সভাপতি এম আজিজুল ইসলাম ও সকল কর্মকর্তাসহ সকলের জন্য দোয়া করা হয়।

### ৫.১৯ আন্তর্জাতিক হিমোফিলিয়া দিবস

আন্তর্জাতিক হিমোফিলিয়া দিবস উপলক্ষে হিমোফিলিয়া বিষয়ক সচেতনতা ও এর শুশ্রূষাবিষয়ক একটি কর্মশালা এবং দিনব্যাপী বিনামূল্যে হিমোফিলিয়া চিকিৎসা শিবির ৪ ডিসেম্বর ২০২১ ইং তারিখ শনিবার বাশিকপ পরিচালিত ফিরোজা বারি প্রতিবন্ধী শিশু হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্রে আয়োজন করা হয়।

### ৫.২০ আন্তর্জাতিক ও জাতীয় প্রতিবন্ধী দিবস

ক. ৫ ডিসেম্বর ২০২১ রোববার ৩০তম আন্তর্জাতিক ও ২৩তম জাতীয় প্রতিবন্ধী দিবস উপলক্ষে বাশিকপ পরিচালিত আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্রের সেবা গ্রহীতা শিশু, ছাত্রছাত্রী, অভিভাবক ও শুভাকাঙ্ক্ষীদের নিয়ে নবাবগঞ্জ বাঁধে এক মানববন্ধনের আয়োজন করা হয়। উক্ত আয়োজনে পরিষদের যুগ্ম সম্পাদক নাসের ইকবাল যাদু, আলহাজ্ব আনোয়ার হোসেন ফাউন্ডেশনের সহকারী ব্যবস্থাপক সৈয়দ ইমরান হোসেন এবং আব্দুল আলী সরদার ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। প্রায় ৩০০ লোকের অংশগ্রহণে মানববন্ধনটি এলাকাবাসীর দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়। মানববন্ধন থেকে এলাকাবাসী ও পথচারীদের উদ্দেশ্যে প্রতিবন্ধিতা বিষয়ক সচেতনতামূলক বক্তব্য রেখে অংশগ্রহণকারীগণ এ ব্যাপারে সকলের সমর্থন ও সহযোগিতা কামনা করে। মানববন্ধন শেষে একটি বর্ণাঢ্য র‍্যালি প্রকল্প কার্যালয়ে এসে শেষ হয়।

গ. ৩০তম আন্তর্জাতিক ও ২৩তম জাতীয় প্রতিবন্ধী দিবস উপলক্ষে ৬ ডিসেম্বর ২০২১ইং সোমবার বাশিকপ মিলনায়তনে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় ফিরোজা বারি প্রতিবন্ধী শিশু হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্রের প্রতিবন্ধী শিশুসহ অন্তর্ভুক্ত সংগঠনের শিশু বন্ধুরা অংশগ্রহণ করে। আলোচনায় উপস্থিত বক্তাদের পাশাপাশি প্রতিবন্ধী শিশু ও অন্তর্ভুক্ত সংগঠনের শিশু বন্ধুরা অংশগ্রহণ করে শিশুদের প্রতিবন্ধিতা জয়ে দৃঢ় আশাবাদ ব্যক্ত করে।

### ৫.২১ বিশ্বকাপ আম্পুটি ফুটবল টুর্নামেন্টের পূর্ব এশিয়া কোয়ালিফায়ারের খেলায় চিকিৎসা সহায়তা প্রদান

প্রতিবন্ধী ব্যক্তিদের ফুটবল খেলার কার্যক্রমকে সম্প্রসারণ ও আন্তর্জাতিক অঙ্গনে নিয়ে যাওয়ার জন্য প্রতিষ্ঠিত 'ফুটবল ফর অল বাংলাদেশ' প্ল্যাটফর্ম তুরস্কে অনুষ্ঠিত হতে যাওয়া বিশ্বকাপ আম্পুটি (অঙ্গহানি ব্যক্তিদের) ফুটবল টুর্নামেন্টের জন্য বাংলাদেশে পূর্ব এশিয়া আম্পুটি কোয়ালিফায়ার-এর খেলা ১২ মার্চ থেকে ১৪ মার্চ ২০২২ পর্যন্ত কমলাপুরস্থ স্টেডিয়ামে অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণ করে। এটির আয়োজক হিসেবে ফুটবল ফর অল বাংলাদেশ প্ল্যাটফর্ম বৈধভাবে দায়িত্বপ্রাপ্ত হয়ে বাংলাদেশ ফুটবল ফেডারেশনসহ ক্রীড়া সংস্থার সাথে কাজ করে। বাংলাদেশ, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া ও জাপানের আম্পুটি ফুটবল দলের অংশগ্রহণে আয়োজিত এ প্রতিযোগিতায় থেরাপিসহ অন্যান্য চিকিৎসা সহায়তার জন্য প্রস্তাব করা হলে বাশিকপ তা গ্রহণ করে ফিরোজা বারি প্রতিবন্ধী শিশু হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্রের ২ জন ফিজিওথেরাপিস্টকে প্রশিক্ষণ দিয়ে প্রয়োজনীয় সামগ্রীসহ প্রতিযোগিতাকালীন সময়ে দায়িত্ব পালনের জন্য প্রেরণ করে। উল্লেখ্য যে, ফুটবল ফর অল বাংলাদেশ প্ল্যাটফর্ম বিগত তিনবছর যাবত নানাভাবে বাশিকপ-এর সাথে যোগাযোগ রক্ষা করে সিপি ফুটবল প্রশিক্ষণ, দল গঠন ও আয়োজনের বিষয়ে কাজ করে যাচ্ছে। তারা এ বিষয়ে বাশিকপ-এর সাথে যৌথভাবে কাজ করার জন্যও আগ্রহ প্রকাশ করছে।

### ৫.২২ আলহাজ্ব আনোয়ার হোসেনের মৃত্যুবার্ষিকী পালন

দেশের অন্যতম শিল্প প্রতিষ্ঠান আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিসের প্রতিষ্ঠাতা বিশিষ্ট দানবীর ও সমাজসেবী আলহাজ্ব আনোয়ার হোসেনের মৃত্যুবার্ষিকী উপলক্ষে ১৭ আগস্ট ২০২২ পরিষদ পরিচালিত আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্রে স্মরণ সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। এতে বাশিকপ কর্মকর্তাসহ এলাকার গণ্যমান্য ব্যক্তি এবং সুবিধাভোগী শিশু ও তাদের অভিভাবকরা অংশগ্রহণ করেন। আয়োজনে মরহুমের কর্মময় জীবন নিয়ে আলোচনা করা হয়। এরপর তাঁর রূহের মাগফেরাত কামনা করে দোয়া করা হয়। দোয়া শেষে উপস্থিত সকলের মাঝে খাবার বিতরণ করা হয়।

**৫.২৩ প্রতিবন্ধী শিশুদের শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ**

জাতীয় প্রতিবন্ধী ফোরাম (এনএফওডব্লিউডি)-এর উদ্যোগে ওয়ালটনের সহযোগিতায় এবং এটিএন বাংলার মিডিয়া পার্টনারশীপে ধানমন্ডিস্থ সুলতানা কামাল মহিলা কমপ্লেক্সে দুই দিনব্যাপী প্রতিবন্ধী শিশুদের শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উক্ত প্রতিযোগিতায় বাশিকপ পরিচালিত আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্রের ১০ জন প্রতিবন্ধী শিশু অংশগ্রহণ করে। অংশগ্রহণকারী প্রতিযোগীরা দৌড়, হালকা বল নিক্ষেপ, ভারি বল নিক্ষেপ ইভেন্টে অংশগ্রহণ করে। অংশগ্রহণকারী শিশুবন্ধুরা দৌড় প্রতিযোগিতায় প্রথম, হালকা বল নিক্ষেপে প্রথম, দৌড় ও বল নিক্ষেপে দ্বিতীয়, হালকা বল নিক্ষেপে তৃতীয়, দৌড়ে দ্বিতীয়, হালকা বল নিক্ষেপে তৃতীয় স্থান অধিকার করে। অন্যান্য তিনজন শিশুবন্ধু সান্ত্বনা পুরস্কার লাভ করে। প্রতিযোগিতায় জাতীয় প্রতিবন্ধী ফোরামের অধিভুক্ত ১৫টি সংগঠন অংশগ্রহণ করে।

**৫.২৪ বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক পরিদর্শন**

জাতীয় পর্যায়ের সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানগুলোকে সহায়তা ও অনুদান প্রদানকারী সরকারি প্রতিষ্ঠান বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের অতিরিক্ত পরিচালক ড. নূরুল আলমের নেতৃত্বে একটি প্রতিনিধি দল বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ পরিদর্শন করে এর কার্যক্রমের বিষয়ে সরেজমিন অবহিত হন। তারা প্রাচীনতম কল্যাণধর্মী এ প্রর্তিষ্ঠানের সেবামূলক কার্যক্রমগুলো দেখে ও অবহিত হয়ে সন্তোষ প্রকাশ করেন। কিন্তু দীর্ঘসময়ের এ প্রতিষ্ঠানটির ও অপর্যাপ্ত কার্যক্রমের বিষয়ে আলোকপাত করে এর প্রচারণা এবং সরকার ও দাতা প্রতিষ্ঠানগুলোর সাথে অধিকতর যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সম্প্রসারণের পরামর্শ প্রদান করেন। পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. গোলাম রব্বানীর নেতৃত্বে একটি দল সরেজমিন পরিদর্শন, পর্যবেক্ষণ ও সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে বাশিকপ পরিদর্শন করেন এবং পরিদর্শন পরবর্তী একটি প্রতিবেদন বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদে দাখিল করেন। তার আলোকে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ ভবিষ্যতে বাশিকপকে অধিকতর সহায়তা প্রদানের আশ্বাস দেয়। উল্লেখ্য যে, এ অর্থবছরের জন্য বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের পক্ষ থেকে বার্ষিক অনুদান হিসাবে সর্বোচ্চ ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা প্রদান করে।

**৬. স্ব-উদ্যোগে আয়োজিত অনুষ্ঠান**

আগ্রহী শুভাকাঙ্ক্ষীদের সহায়তায় বাশিকপ কর্মকর্তা ও কাউন্সিলরগণ স্বউদ্যোগে নিম্নোক্ত অনুষ্ঠানগুলোর আয়োজন করেন

৬.১ প্রতিবারের ন্যায় এবারও পবিত্র মাহে রমজানে হাসপাতালে অবস্থানরত মা ও শিশুদের জন্য পুষ্টিকর খাবার ও ইফতারের আয়োজন করা হয়।

৬.২ এ বছর থেকে পবিত্র মাহে রমজানে বাশিকপ কার্যালয়ে ১০ দিনে খতম তারাবি নামাজের আয়োজন করা হয়েছে।

৬.৩ প্রতিবন্ধী শিশুদের জন্য আম, কাঁঠালসহ একাধিকবার মৌসুমী ফল, নাস্তা ও পুষ্টিকর খাবারের ব্যবস্থা হয়েছে।

৬.৪ প্রতিবন্ধী শিশুদের পুষ্টি সহায়তাস্বরূপ বছরব্যাপী নিয়মিত দুধ বিতরণের ব্যবস্থা করা হয়েছে।

৬.৫ ফিরোজা বারি প্রতিবন্ধী শিশু হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্রের অভ্যন্তরীণ বিভাগের প্রতিবন্ধী শিশু ও অভিভাবকদের একাধিকবার বিশেষ খাবার প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

৬.৬ বাশিকপ কর্মকর্তা, সম্মানিত কাউন্সিলর ও আগ্রহী শুভাকাঙ্ক্ষী ব্যক্তিদের প্রয়াত আত্মীয়-স্বজনের স্মরণে মৃত্যুবার্ষিকী ও মিলাদ মাহফিলের ব্যবস্থা করে একাধিকবার প্রতিবন্ধী শিশুসহ সকলের জন্য উন্নত খাবার পরিবেশন করা হয়েছে।

৬.৭ একজন শুভাকাঙ্ক্ষী ব্যক্তির সন্তানের জন্মদিনের উৎসব প্রতিবন্ধী শিশুদের সাথে উদযাপনের আয়োজন করা হয়। এ উৎসবে প্রতিটি শিশুকে খেলনা ও উপহার সামগ্রী প্রদান করা হয়েছে। তাদের অংশগ্রহণে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে বাশিকপ পরিচালিত ফিরোজা বারি প্রতিবন্ধী শিশু হাসপাতালটিকে সাজানো, জন্মদিনের কেক কাটা ও মধ্যাহ্নভোজের আয়োজন করা হয়েছে। স্বাভাবিক পারিবারিক ও সামাজিক উৎসব উপহার দেয়ায় প্রত্যেকেই অত্যন্ত আনন্দিত ও উৎসাহিত হয়েছে। এ ধরনের অনুষ্ঠান প্রতিবন্ধী শিশুদের চিকিৎসা ও সুস্থতা সহায়ক হিসেবে কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হয়েছে।

৬.৮ বর্তমান সভাপতি বীরমুক্তিযোদ্ধা ডা. মাখদুমা নার্গিস এবং তার কন্যা ড. সায়মা আলীর অনুদানে ফিরোজা বারি প্রতিবন্ধী শিশু হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্রের অভ্যন্তরীণ বিভাগে সাইড কেবিনেটের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও তিনি প্রতিবন্ধী শিশুদের পুষ্টি সহায়তার জন্য এককালীন অনুদান প্রদান করেছেন।

৬.৯ সাবেক প্রয়াত সভাপতি শাহ আলমগীরের সহধর্মিণী ও বাশিকপ সম্মানিত কাউন্সিলর ফৌজিয়া বেগম মায়ার পক্ষ থেকে বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ বিশেষ শিশু শিক্ষা বিদ্যালয়ের জন্য টেবিল, চেয়ার ও খেলনা সামগ্রী এবং ফিরোজা বারি প্রতিবন্ধী শিশু হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্রের অভ্যন্তরীণ বিভাগে সাইড কেবিনেটের ব্যবস্থা করা হয়েছে।

৬.১০ শুভাকাঙ্ক্ষী দাতা ডা. সাব্বার ও সাব্বির হোসেনের সহযোগিতায় প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জাম পাওয়া গেছে। এছাড়াও তাদের মাধ্যমে অভ্যন্তরীণ বিভাগের শিশুদের জন্য বিভিন্ন রকম পুষ্টিকর খাবারের ব্যবস্থা করা হচ্ছে।

৬.১১ বাশিকপ-এর পরিচালক ইয়াসমিন আরা ডলির মাধ্যমে একজন দাতা ৫০,০০০/- টাকার অনুদান প্রদান করেছেন। এই অনুদানের মাধ্যমে হাসপাতালের অভ্যন্তরীণ বিভাগের প্রয়োজনীয় চাহিদা পূরণ করা হয়েছে।

৬.১২ পরিষদের কার্যনির্বাহী পরিষদ সদস্য মেহেরুন নেসা নিয়মিতভাবে ফিরোজা বারি প্রতিবন্ধী শিশু হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্রে অবস্থানকারী চাহিদাসম্পন্ন প্রতিবন্ধী শিশুদের পুষ্টি সহায়তা হিসেবে গুড়ো দুধ প্রদান করছেন। এছাড়া তিনি অনুদান হিসাবে ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করেছেন।

৬.১৩ ডা. মেহেদী হাসান ও প্রকৌশলী আব্দুর রশিদ খান অনুদান হিসেবে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রদান করেছেন।

৬.১৪ বাশিকপ-এর পরিচালক ইয়াসমিন আরা ডলির মাধ্যমে একজন দাতা ব্যক্তি পবিত্র রমজান মাসে ৪০০ কেজি চাল, ৪০০ পিস ডিম, ২০ কেজি খেজুর এবং ১০০ লিটার দুধ দিয়ে সহায়তা করেছেন।

## ৭. বিশেষ কার্যক্রম

৭.১ চাহিদা অনুযায়ী বাশিকপ ভবনসমূহের প্রয়োজনীয় সংস্কার ও উন্নয়ন সাধন করা হয়েছেন। সে সাথে হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্র, মিলনায়তন, কনফারেন্স রুম, ও সদর দফতরের সৌন্দর্য্যবর্ধন করা হয়েছে।

৭.২ পরিষদের তথ্য প্রযুক্তি ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও আধুনিকায়নে বাশিকপ-এর ওয়েবসাইটটির উন্নয়ন সাধন করা হয়েছে। এর সাথে একটি ফেইসবুক এবং ইউটিউব সাইট খোলা হয়েছে। এটিকে নিয়মিতভাবে দেখাশোনার জন্য দায়িত্বপ্রাপ্তদের প্রশিক্ষণ দেয়া হয়েছে। নিয়মিতভাবে ওয়েবসাইটের নোটিশ বোর্ডে বিভিন্ন তথ্য-উপাত্ত ও ভিডিও চিত্র ধারণ ও প্রচারের ব্যবস্থা নেয়া হয়েছে।

৭.৩ অনলাইনে যোগাযোগ ব্যবস্থা ও নানারূপ অনুষ্ঠান আয়োজনের জন্য একটি জুম ক্রয় করা হয়েছে এবং এর মাধ্যমে বেশ কয়েকটি অনুষ্ঠান আয়োজন করা হয়েছে, যার সাথে পরিষদের সকল কর্মকর্তাসহ দেশ-বিদেশের প্রতিনিধি ও শিশুবন্ধুরা অংশগ্রহণ করেছে।

৭.৪ সভাপতি বীরমুক্তিযোদ্ধা ডা. মাখদুমা নার্গিস, ড. সায়মা আলী, বাণিজ্যিক প্রতিষ্ঠান মিয়াকো এবং বাশিকপ পরিচালকের মাধ্যমে নাম প্রকাশে অনিচ্ছুক কিছু দাতা ব্যক্তিদের আর্থিক সহায়তায় দুস্থ ও সামর্থ্যহীন প্রতিবন্ধী পরিবারদের চিকিৎসা সহায়তা, হাসপাতালের জিমনেশিয়াম সামগ্রী, চিকিৎসা সরঞ্জামসহ অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী ও সরঞ্জাম সংগ্রহ করা হয়েছে।

৭.৫ বাংলাদেশ গার্লস গাইড কর্তৃক ফিরোজা বারি প্রতিবন্ধী শিশু হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্রের প্রতিবন্ধী শিশুদের জন্য একটি হুইল চেয়ার প্রদান করা হয়। এ উদ্দেশ্যে বাংলাদেশ গার্লস গাইডের একটি প্রতিনিধি দল বাশিকপ-এর কার্যক্রমসমূহ পরিদর্শন এবং মতবিনিময় করেন। এ বিষয়ে মুখ্য ভূমিকা পালন করেন কার্যনির্বাহী পরিষদ সদস্য রীতা জেসমিন।

৭.৬ আলহাজ্ব আনোয়ার হোসেন ফাউন্ডেশন বাশিকপ এর লালবাগস্থ প্রকল্পের অর্থায়নের পাশাপাশি নিয়মিতভাবে তাদের বার্ষিক অনুদান অব্যাহত রেখেছে।

৭.৭ নিয়মিতভাবে ঈদুল ফিতর ও ঈদুল আযহা উপলক্ষে বাশিকপ পরিচালিত আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্র আয়োজিত সহায়তা ও সহমর্মিতা কর্মসূচীর আয়োজন করা হয়। এ আয়োজনে আলহাজ্ব আনোয়ার হোসেন ফাউন্ডেশন, বাশিকপ কোষাধ্যক্ষ এ কিউ এম কিবরিয়া ও স্থানীয় ব্যবসায়ী মোঃ মুজিবুর রহমান, ফজল মোহাম্মদ খানসহ বিভিন্ন দাতা ব্যক্তি কর্তৃক প্রদেয় ঈদ সামগ্রী (পোশাক, শাড়ি, লুঙ্গি, সালোয়ার-কামিজ, পাঞ্জাবি এবং ফ্রোজেন মাংস, দুধ, চিনি, সেমাই, পোলাওর চাল, তেল, নুডুলস, লবণ, মসলা ইত্যাদি) প্রকল্পের সেবা গ্রহীতা শিশু ও তাদের পরিবারের মধ্যে বিতরণ করা হয়।

৭.৮ যুব সংগঠন ফ্লাওয়ার বাংলাদেশ বাশিকপ পরিচালিত আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্রের ২০টি প্রতিবন্ধী শিশুকে ঈদ সামগ্রী প্রদান করে। এ বিষয়ে মুখ্য ভূমিকা পালন করেন সম্মানিত কাউন্সিলর মাহমুদ খান বিজু।

৭:৯ এ বছর প্রতিবন্ধী শিশু ও তাদের পরিবারের আর্থসামাজিক উন্নয়নে সহায়তার জন্য কোষাধ্যক্ষ এ কিউ এম কিবরিয়ার মাধ্যমে দাতা ব্যক্তি কর্তৃক ৫,১০,০০০/- (পাঁচ লক্ষ দশ হাজার) টাকার যাকাত পাওয়া গেছে। যা বিতরণের জন্য ইতোমধ্যে কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

## ৮. বিশেষ উদ্যোগ

### ৮.১ ব্যারিস্টার আব্দুঃল গণি খান ও সেকেন্দার জাহান বেগম ভবন নির্মাণ কার্যক্রম

এবারের কার্যনির্বাহী পরিষদ দায়িত্ব গ্রহণের পর পরই বাশিকপ সভাপতি বীরমুক্তিযোদ্ধা ডা. মাখদুমা নার্গিস তার নিজের এবং অপর তিন বোনের মাধ্যমে তাঁর মা-বাবা ব্যারিস্টার আব্দুল গণি খান ও সেকেন্দার জাহান বেগমের স্মরণে একটি ভবন নির্মাণ করে পরিষদের প্রতিবন্ধী সেবা কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রমকে সম্প্রসারণের উদ্দেশ্যে ১,৪২,০০,০০০/- (এক কোটি বিয়াল্লিশ লক্ষ) টাকা অনুদান হিসাবে প্রদান করে একটি সমঝোতা স্মারক সম্পন্ন করেন। তার আলোকে বিষয়টি বাস্তবায়নের জন্য একটি ভবন নির্মাণ কমিটি গঠন করে প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। ইতোমধ্যে বাশিকপ-এর ডিজিটাল সার্ভে ও সয়েল টেস্ট সম্পন্ন করে নকশা প্রণয়নের জন্য দরপত্র আহবানের মাধ্যমে একটি প্রতিষ্ঠানকে নির্বাচিত করা হয়েছে। নকশা প্রণয়নের কাজ সম্পন্ন করার উদ্দেশ্যে রাজউকের ল্যান্ড ক্লিয়ারেন্সের জন্য আবেদন করা হয়েছে, যার অনুমোদন খুব শীঘ্রই পাওয়া যাবে বলে আশা করা যাচ্ছে। নতুন ভবন নির্মাণের জন্য স্থান চিহ্নিত করে সামনের দ্বিতল ভবন ও সেমিপাকা স্থাপনাটি খালি করার কাজ প্রক্রিয়াধীন রয়েছে। আশা করা যাচ্ছে খুব শীঘ্রই মেট্রো রেলের স্টেশন নির্মাণের কাজ সম্পন্ন হলে

সম্মুখের প্রবেশ রাস্তাটি ব্যবহারের উপযোগী হবে। তখন যথাযথভাবে নির্মাণস্থলের স্থাপনা অপসারণ এবং নির্মাণ সামগ্রী আনাসহ অন্যান্য কার্যাদি সুসম্পন্ন হবে।

৮.২ পরিষদের নিজস্ব জমির খাজনা পরিশোধের বিষয়টি শুরু থেকেই অপ্রদেয় ছিল। এবারের কার্যনির্বাহী পরিষদ দায়িত্ব গ্রহণের পর থেকেই এ ব্যাপারে বিশেষ উদ্যোগ গ্রহণ করে। বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে কাগজপত্র হালনাগাদ করে সমস্ত বকেয়া খাজনা পরিশোধ করা হয়েছে। সর্বশেষ হালনাগাদ খাজনাও পরিশোধ করা হয়েছে।

৮.৩ এনজিও সিএসআইডি আয়োজিত সমাজভিত্তিক শিশু সুরক্ষা কমিটিতে বাশিকপ পরিচালিত আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্রের প্রকল্প সমন্বয়কারীকে সংযুক্ত করে ১৪ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে এবং সেখান থেকে উক্ত প্রকল্পটির সেবা গ্রহীতা একজন প্রতিবন্ধী শিশুর জন্য হুইল চেয়ারের ব্যবস্থা করা হয়েছে।

৮.৪ সেন্টার ফর সার্ভিসেস এন্ড ইনফরমেশন অন ডিজঅ্যাবিলিটি আয়োজিত বাক ও শ্রবণ প্রতিবন্ধী শিশুদের ইশারা ভাষার প্রাথমিক ধারণা প্রদান সংক্রান্ত তিনমাসের একটি প্রশিক্ষণ কোর্সে বাশিকপ পরিচালিত আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্রের ২ জন শিক্ষককে প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা করা হয়েছে।

৮.৫ সেন্টার ফর সার্ভিসেস এন্ড ইনফরমেশন অন ডিজঅ্যাবিলিটি-সিএসআইডি আয়োজিত ২ দিনব্যাপী কেস ম্যানেজমেন্ট ট্রেনিং প্রোগ্রামে বাশিকপ পরিচালিত আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্রের ৩ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

### ৯. বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ, পরিদর্শন ও অংশগ্রহণ

৯.১ অটিজম ও প্রতিবন্ধী উন্নয়ন, প্রকল্প প্রণয়ন এবং মনিটরিং উপ-কমিটির একটি প্রতিনিধি দল ইতোমধ্যে এনডিডি ট্রাস্ট পরিদর্শন করে ট্রাস্টের চেয়ারম্যান, নির্বাহী পরিচালক ও পরিচালকের সাথে বাশিকপ-এর প্রতিবন্ধী কর্মসূচী নিয়ে বিস্তারিত আলোচনা করে। এক্ষেত্রে ট্রাস্টের সাহায্য ও প্রয়োজনীয় সহায়তার বিষয়ে ইতিবাচক আলোচনা হয়। উপ-কমিটির চেয়ারম্যান ও সহ-সভাপতি ডা. মাযহারুল মান্নান, সাধারণ সম্পাদক মোহাম্মদ মনিরুল আলম, সদস্য সচিব ও যুগ্ম সম্পাদক ডা. আসমা বানু, যুগ্ম সম্পাদক নাসের ইকবাল যাদু ও কাউন্সিলর আতিকুর রহমান উজ্জল এ সময় উপস্থিত থেকে আলোচনায় অংশ নেয়।

৯.২ প্রতিবন্ধী ফোরাম, প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এবং এনজিও ব্যুরোসহ সংশ্লিষ্ট সংস্থা ও প্রতিষ্ঠানগুলোর সাথে যোগাযোগের মাধ্যমে তাদের কার্যক্রমের সাথে সংযুক্তি ও সহায়তা গ্রহণের জন্য উদ্যোগ নেয়া হয়েছে।

৯.৩ বাশিকপ সাধারণ সম্পাদক মোহাম্মদ মনিরুল আলম এবং পরিষদের পরিচালক ইয়াসমিন আরা ডলি বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদের সামগ্রিক কার্যক্রম নিয়ে আলোচনার জন্য বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নির্বাহী সচিবের সাথে আলোচনায় মিলিত হয়।

৯.৪ বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত অনুদানের সুফল পর্যালোচনা বিষয়ে আয়োজিত কর্মশালায় পরিষদের পরিচালক ইয়াসমিন আরা ডলি অংশগ্রহণ করেন। কর্মশালায় বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদের কার্যক্রমের উন্নয়ন এবং একে গতিশীল করার বিষয়ে বিভিন্ন সুপারিশ নিয়ে আলোচনা করা হয়।

৯.৫ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক শিশু শ্রম নিরসন বিষয়ক আলোচনা সভায় পরিষদ সাধারণ সম্পাদক মোহাম্মদ মনিরুল আলম অংশগ্রহণ করেন।

৯.৬ পরিষদের প্রতিবন্ধী কার্যক্রম বিষয়ে চাহিদাসম্পন্ন শিশুদের অধিকতর ও যথাযথ সহায়তা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পরিকল্পনা ও উদ্যোগ গ্রহণের উদ্দেশ্যে অটিজম ও প্রতিবন্ধী উন্নয়ন, প্রকল্প প্রণয়ন এবং মনিটরিং উপ-কমিটির চেয়ারম্যান ডা. মাযহারুল মান্নান, সদস্য সচিব ডা. আসমা বানু, সদস্য নাসের ইকবাল যাদু ও আতিকুর রহমান উজ্জল পরিষদ পরিচালিত আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্র পরিদর্শন এবং এর কার্যক্রম অবহিত হন ও সেবা গ্রহীতাদের সাথে মতবিনিময় করেন। এ কার্যক্রমের আওতায় সেবা গ্রহণকারীদের অধিকতর উন্নত সেবা নিশ্চিত করার লক্ষ্যে সেবা প্রদানকারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। উপ-কমিটির চেয়ারম্যান প্রকল্পে ব্যবহারের জন্য একটি ফ্রিজ এবং সদস্য সচিব একটি মাইক্রোওভেন প্রদান করার আশ্বাস দেন।

### ১০. অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির প্রতিবেদন

২০২১-২০২২ অর্থবছরের অভ্যন্তরীণ নিরীক্ষা কার্য সম্পাদনের জন্য গঠিত অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি সুচারুভাবে নিরীক্ষা কার্য সম্পাদন করে ১১ পৃষ্ঠার একটি নিরীক্ষা প্রতিবেদন প্রস্তুত করে সভায় উপস্থাপন করে। নিরীক্ষা প্রতিবেদনে ১৪টি পর্যবেক্ষণ ও সুপারিশ এবং বিবিধ পর্যবেক্ষণে ক-ঝ পর্যন্ত সুপারিশ করেছে।

### ১১. অন্তর্ভূক্ত সংগঠনগুলোর সাথে যোগাযোগ

বাশিকপ-এর অন্তর্ভুক্ত সংগঠনগুলোর সাথে সাফল্যজনকভাবে নিয়মিত যোগাযোগ রক্ষা করা হয়েছে। নববর্ষ, মহান স্বাধীনতা ও মহান বিজয় দিবসসহ অন্যান্য উৎসব অনুষ্ঠানে অন্তর্ভুক্ত সংগঠনগুলোকে শুভেচ্ছা জানিয়ে নিয়মিত কার্ড ও পত্র প্রেরণ এবং যোগাযোগ করা হয়েছে। বাশিকপ-এর আয়োজন, অনুষ্ঠান, সভা ও সম্মিলনে সকল সংগঠনকে আমন্ত্রণ

জানানো হয়েছে এবং সকলের অংশগ্রহণ নিশ্চিত করা হয়েছে। ক্ষেত্রবিশেষে আয়োজিত অনুষ্ঠানগুলোতে শিশু বন্ধুদের অংশগ্রহণ নিশ্চিত করার উদ্যোগ নেয়া হয়েছে। অন্যান্য সকল সূত্র, কর্তৃপক্ষ, সংস্থা ও প্রতিষ্ঠান থেকে শিশু স্বার্থসংশি- ষ্ট বিষয়াদি নিয়ে অন্তর্ভুক্ত সংগঠনের সাথে যথাযথ যোগাযোগ ও কর্মসাধন হয়েছে। শিশু অধিকার, কল্যাণ ও উন্নয়ন এবং অন্তর্ভুক্ত সংগঠনসমূহের প্রয়োজনে বাশিকপ থেকে যথাযথ যোগাযোগ ও সহায়তা প্রদান করা হয়েছে। এ সমস্ত ক্ষেত্রে ইলেকট্রনিক মিডিয়া ও সামাজিক যোগাযোগ মাধ্যমকে যথাযথভাবে ব্যবহার করা হয়েছে। অন্তর্ভুক্ত সংগঠনসমূহের শিশুদের নিয়ে মহড়ার মাধ্যমে পরিকল্পিত অনুষ্ঠান গ্রহণ, নিয়মিত সাহিত্য আসরের মাধ্যমে প্রতিভা বিকাশে সহায়তা প্রদান এবং প্রতিভা বিকাশে উৎসাহিত করার নানা প্রক্রিয়া অব্যাহত ছিল। নিয়মিত নেটওয়ার্কিং বৃদ্ধি করার মাধ্যমে অন্তর্ভুক্ত সংগঠনগুলোর মধ্যে সমঝোতা সৃষ্টি ও আন্তরিকতা বৃদ্ধির প্রচেষ্টায় বাশিকপ উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। এমনকি বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর কারণে কার্যক্রমগুলো বাধাগ্রস্ত হলেও নির্ধারিত জুম সংগ্রহ করে ভার্চুয়াল যোগাযোগ মাধ্যমে সকলকে সংশ্লিষ্ট করার প্রয়াস অব্যাহত ছিল।

**১১. পরিদর্শন**

এ বছর নিম্নলিখিত ব্যক্তিবর্গ বাশিকপ পরিদর্শন করেন ঃ

| ক্রম | নাম | পরিচয় |
|---|---|---|
| ১ | ডা. দীপু মনি এমপি | মাননীয় শিক্ষামন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার |
| ৩ | লিয়াকত আলী লাকী | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ৪ | নাসির আহমেদ | কবি ও সাংবাদিক, সাবেক পরিচালক (বার্তা), বিটিভি, উপদেষ্টা সম্পাদক দৈনিক দেশের কণ্ঠ |
| ৫ | নিরঞ্জন অধিকারী | অবসরপ্রাপ্ত অধ্যাপক, সংস্কৃতি বিভাগ,ঢাবি, শব্দ সৈনিক, স্বাধীন বাংলা বেতার কেন্দ্র |
| ৬ | ডা. সারওয়ার আলী | বীরমুক্তিযোদ্ধা ও ট্রাস্টি, মুক্তিযুদ্ধ যাদুঘর |
| ৭ | নাসিরউদ্দীন ইউসুফ বাচ্চু | বীরমুক্তিযোদ্ধা ও সংস্কৃতিজন |
| ৮ | শেখ আশরাফ আলী | বীরমুক্তিযোদ্ধা, স্বাধীন বাংলা ফুটবল দল |
| ৯. | মোঃ আব্দুস সাত্তার | বীরমুক্তিযোদ্ধা, স্বাধীন বাংলা ফুটবল দল |
| ১০. | ড. নূরুল আলম | অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ |
| ১১. | মোহাম্মদ মোহিবুল্লাহ | সহকারী পরিচালক, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ |
| ১২. | ডা. সাব্বার মান্নান | ক্লিনিক্যাল রিসার্চ কো-অর্ডিনেটর, টরেন্টো জেনারেল হাসপাতাল, কানাডা |
| ১৩ | প্রফেসর ডা. সেলিনা হোসনা বানু | চাইল্ড নিউরোলোজিস্ট, এম আর খান শিশু হাসপাতাল |
| ১৪ | রাশেদ খান মেনন এমপি | সভাপতি, সমাজকল্যাণ মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় কমিটি |
| ১৫ | ড. গোলাম রব্বানী | অধ্যাপক, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় |
| ১৬ | আনোয়ারা সৈয়দ হক | কথাসাহিত্যিক |
| ১৭ | মোঃ শরিফুল ইসলাম | মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী |

**১২. ভবিষ্যত পরিকল্পনা**

দেশের সকল শিশুর সার্বিক বিকাশ, গঠন ও উন্নয়নের জন্য যাবতীয় সুযোগ সৃষ্টি এবং এতদসংক্রান্ত সমুদয় কর্মসূচী ও কার্যক্রম একত্রিত করে বৃহৎ কলেবরে পরিচালনার উদ্দেশ্যে বাশিকপ-এর ঢাকাস্থ তোপখানা রোডের নিজস্ব জমিতে নির্মিত স্থাপনাসমূহ প্রয়োজনানুসারে সংস্কার, সৌন্দর্য্যবর্ধন ও পুনঃনির্মাণ প্রয়োজন। এর সাথে একটি সম্প্রসারিত বহুতল ভবন নির্মাণের জন্য পেশাদার প্রতিষ্ঠানের মাধ্যমে পরিকল্পনা প্রণয়ন জরুরি। এবারের কার্যনির্বাহী পরিষদ এ বিষয়টিকে সামনে রেখে আন্তরিকতার সাথে কাজ শুরু করে। ইতোমধ্যে পরিষদের সভাপতি বীরমুক্তিযোদ্ধা ডা. মাখদুমা নার্গিস ও তার বোনদের পক্ষ থেকে এককালীন প্রাপ্ত ১,৪২,০০,০০০/- (এক কোটি বিয়াল্লিশ লক্ষ) টাকা পরিকল্পনাটি বাস্তবায়নে সহায়ক হয়। আশা করি আগামী দিনে সকলের আন্তরিক সহযোগিতা ও প্রচেষ্টায় এটি বাস্তবায়নের জন্য আরো দাতা ব্যক্তি ও প্রতিষ্ঠানের কাছ থেকে সহায়তা লাভ করা সম্ভব হবে। এতে করে বাশিকপ তার কার্যক্রমগুলোকে আরো সম্প্রসারণ করতে সক্ষম হবে। নির্মাণ কার্য সম্পাদনের পাশাপাশি পরিকল্পিতভাবে বাশিকপ প্রাঙ্গণের সড়ক ও ভূমির উন্নয়ন এবং সীমানা প্রাচীর ও প্রয়োজনীয় নির্মাণ ও সৌন্দর্যবর্ধনের পরিকল্পনাও হাতে নেয়াও জরুরি। এর মাধ্যমে কার্যক্রমের পরিধি সম্প্রসারিত হওয়ার পাশাপাশি বাশিকপ-এর শোভা বৃদ্ধি লাভ করবে এবং নিরাপত্তা আরো নিশ্চিত হবে বলে আশা করছি।

### ১৩. পরিষদ তহবিল সম্পর্কিত তথ্য

বাশিকপ তহবিলের প্রধান ও নিয়মিত উৎস ভবন এবং অডিটোরিয়াম ও কনফারেন্স রুম ব্যবহারের ভাড়া; উৎপাদিত উপকরণ ও সামগ্রীসমূহের বিক্রয়/বিনিময় মূল্য; বিভিন্ন প্রদেয় সেবার ফি ইত্যাদি। এছাড়া বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থা ও ব্যক্তিদের এককালীন ও বার্ষিক অনুদান এবং নির্ধারিত অনুষ্ঠান ও কর্মসূচীর জন্য পৃষ্ঠপোষকতাকারী ব্যক্তি ও প্রতিষ্ঠানের অনুদান এবং প্রদেয় বিজ্ঞাপন ইত্যাদিও অনিয়মিতভাবে বাশিকপ তহবিলে সংযুক্ত হয়। এছাড়া এ তহবিলের আওতায় স্বেচ্ছাসেবীদের দ্বারা গৃহীত বিশেষ কর্মসূচীসমূহ বাস্তবায়নের জন্য সংগৃহীত ও নিজস্ব অর্থায়নের আয় উল্লেখযোগ্য। **পূর্বে গড়ে প্রতি অর্থবছরে প্রায় ৭৫ লাখ থেকে ৮৫ লাখ টাকার কর্মসূচী বাস্তবায়িত হতো। গত ২০১৮-২০১৯ অর্থবছর থেকে তা বৃদ্ধি পেয়ে ১ কোটি টাকার ঊর্ধ্বে উন্নীত হয়েছে। বর্তমান কার্যবর্ষের জন্য দায়িত্ব গ্রহণের পূর্বে ফেব্রুয়ারি ২০২১ ইং মাসে বাশিকপ-এর সর্বমোট তহবিল ছিল টাকা ৪,৫৮,৮৩,৭৫৬/০১ (চার কোটি আটান্ন লক্ষ তিরাশি হাজার সাতশত ছাপ্পান্ন টাকা এবং পয়সা/০১) এবং সিডিপি'র স্থিতি ছিল ৩৬,৯৭৪/- (ছত্রিশ হাজার নয়শত চুয়াত্তর) টাকা মাত্র। বর্তমান কার্যবর্ষে এ যাবত বিভিন্ন কার্যক্রম ও কর্মসূচী বাস্তবায়ন শেষে জুন ২০২২ইং মাস শেষে বাশিকপ-এর ব্যাংকে তহবিল স্থিতি আছে সর্বমোট ৬,৮৬,৭২,৭৭৫/৪১ (ছয় কোটি ছিয়াশি লক্ষ বাহাত্তর হাজার সাতশত পঁচাত্তর টাকা এবং পয়সা/৪১) এবং আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্রের সর্বমোট তহবিল স্থিতি ৭,১৫,৬৪৮/৫০ (সাত লক্ষ পনের হাজার ছয়শত আটচল্লিশ এবং পয়সা/৫০) টাকা। ব্যয়োত্তরস্থিতির মধ্যে ৬টি এফডিআর-এ ৪,৬২,৩৪,৮৫০/৬০ (চার কোটি বাষট্টি লক্ষ চৌত্রিশ হাজার আটশত পঞ্চাশ টাকা এবং পয়সা/৬০) এবং ৩টি এফডিআর ফর ডেভেলপমেন্ট ওয়ার্ক মোট=১,৪৬,৪২,৬৮৩/০৪ (এক কোটি ছেচল্লিশ লক্ষ বিয়াল্লিশ হাজার ছয়শত তিরাশি এবং পয়সা/০৪) টাকা সংরক্ষিত রয়েছে।** আপনাদের সকলের আন্তরিক সহযোগিতায় বাশিকপ-এর কার্যক্রমকে তার অভিষ্ট লক্ষ্যে এগিয়ে নেয়ার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে এবং বাশিকপ তহবিলকে একটি শক্ত ভিত্তিতে দাঁড় করানো সম্ভব হয়েছে। এজন্য আল্লাহ্তা'লার শোকরানা আদায় করছি। আলহামদুলিল্লাহ।

### ১৪. উপসংহার

**প্রিয় কাউন্সিলরবৃন্দ**

বাশিকপ-এর এ কর্মযজ্ঞের সকল উদ্যোগ ও কর্মে শুভাকাঙ্ক্ষী, বিভিন্ন পদে কর্মরত ব্যক্তি, কার্যনির্বাহী পরিষদের সহকর্মী ও সম্মানিত কাউন্সিলরগণ এবং দেশের অন্যতম শিল্প প্রতিষ্ঠান আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিসসহ দেশের সর্বস্তরের সচেতন নাগরিকদের সময়োপযোগী দান, অনুদান এবং সাহায্য-সহায়তা ও অংশগ্রহণ কৃতজ্ঞচিত্তে স্মরণযোগ্য। প্রত্যেকেই তাদের নিজ নিজ অবস্থান থেকে নিয়মিতভাবে প্রয়োজনীয় সমর্থন, অংশগ্রহণ, সহায়তা ও অবদান রেখে চলেছেন। নিরলস পরিশ্রম দ্বারা সার্বক্ষণিক সাহায্য-সহযোগিতা এবং সিদ্ধান্ত গ্রহণে নিয়মিত সুপারিশ ও পরামর্শ দিয়ে যারা পরিষদকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সহায়তা করেছেন তাদের প্রত্যেকের কাছে আমরা বিশেষভাবে ঋণী। তাই সমস্ত কাজে উৎসাহ প্রদান করার জন্য সকলের প্রতি জানাই আন্তরিক শ্রদ্ধাভরা কৃতজ্ঞতা।

ধৈর্য্য ধরে দীর্ঘ প্রতিবেদন শোনার জন্য সকলকে উষ্ণ অভিনন্দন জানাই। প্রতিবেদনে সকলের আশার কতটুকু প্রতিফলন ঘটেছে তা মূল্যায়নের দায়িত্ব আপনাদের। মহান রাব্বুল আল্-আমিন-এর কাছে বাশিকপ-এর উত্তরোত্তর উন্নতি কামনা করে প্রত্যয় ব্যক্ত করি, এ শ্বাশত স্রোতধারা অব্যাহত রাখার জন্য সবাই যেন পূর্বতনদের ন্যায় আমৃত্যু নিঃস্বার্থভাবে এর সেবা করে যেতে পারি;– সকল দ্বন্দ্ব-বিভেদ ভুলে যেন শিশুদের পাশে দাঁড়াতে পারি;– দুস্থ, সুবিধাবঞ্চিত, বিশেষ চাহিদাসম্পন্ন প্রতিবন্ধী ও অসহায় শিশুদের সেবা করে যেতে পারি। ধন্যবাদ জানাচ্ছি বাশিকপ-এর অগ্রযাত্রায় অনুদান সহায়তা দিয়ে যারা সাহায্য করেছেন তাদের। এছাড়াও শিশুদের জন্য পরিষদ যে সকল জনহিতকর কাজ করে যাচ্ছে তার প্রচারণার কাজে নিয়োজিত সম্মানিত পেশার নাগরিকগণকেও ধন্যবাদ জানাই। এ যাবত পরিষদকে যারা সহায়তা করেছেন তারা আমাদের সকল স্বার্থকতা ও সফলতার সমঅংশীদার। আরো ধন্যবাদ জানাই পরিষদের কার্যক্রমকে সচল রাখার জন্য বাশিকপ সদর দফতর এবং বিভিন্ন কর্মসূচী ও প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীসহ সংশিণ্টষ্ট সকলকে। আশা করি সকলের নিরলস পরিশ্রম ও প্রচেষ্টা বাশিকপকে ক্রমাগত এগিয়ে নিয়ে যাবে ভবিষ্যৎ সফলতার দিকে। অনেক প্রাপ্তি ও অপ্রাপ্তির মাঝে পরিষদের অব্যাহত উন্নতি ও সাফল্য কামনা করছি।

আল্লাহ আমাদের সহায় হোন–
আল্লাহ হাফেজ। জয়বাংলা


**(মোহাম্মদ মনিরুল আলম)**
সাধারণ সম্পাদক, বাশিকপ
তারিখ : ১ অক্টোবর ২০২২, ঢাকা।

## ২০২১-২০২২ সালের তথ্য ছক ও গ্রাফসমূহ

### সভাসমূহের তথ্য

| ক্রমিক নং | সভার নাম | সভার সংখ্যা |
|---|---|---|
| ০১ | সাধারণ পরিষদ | ১ |
| ০২ | কার্যনির্বাহী পরিষদ | ৯ |
| ০৩ | চিকিৎসা ব্যবস্থাপনা ও পুনর্বাসন উপ-কমিটি | ৪ |
| ০৪ | প্রশাসনিক ও ব্যবস্থাপনা উপ-কমিটি | ৫ |
| ০৫ | ভূমি উন্নয়ন, ভবন সংস্কার ও ভাড়া উপ-কমিটি | ২ |
| ০৬ | সাহিত্য, পাঠাগার, প্রশিক্ষণ, গবেষণা ও প্রকাশনা উপ-কমিটি | ৩ |
| ০৭ | অটিজম ও প্রতিবন্ধী উন্নয়ন, প্রকল্প প্রণয়ন এবং মনিটরিং উপ-কমিটি | ২ |
| ০৮ | ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান উদযাপন উপ-কমিটি | ৪ |
| ০৯ | মিডিয়া, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উপ-কমিটি | ১ |
| ০৮ | ক্রয় কমিটি | ৭ |
| ০৯ | দরিদ্র তহবিল বরাদ্দ কমিটি | ১৫ |
| ১০ | নতুন ভবন নির্মাণ কমিটি | ৫ |
| ১১ | বাশিকপ যাকাত তহবিল কমিটি | ২ |

### সভাসমূহের তুলনামূলক লেখচিত্র





### হাসপাতালে চিকিৎসা সেবাপ্রাপ্ত শিশু ও তাদের পরিবারের আর্থসামাজিক অবস্থা


| বিবরণ | | ২০২১-২০২২ |
|---|---|---|
| সেবা গ্রহণকারী মোট শিশু সংখ্যা | | ৪৩৭২ জন |
| অভ্যন্তরীণ বিভাগ | | ২৪১৫ জন |
| বহিঃ বিভাগ | | ১৯৫৭ জন |
| ছেলে | | ২০১৩ জন |
| মেয়ে | | ২৩৫৯ জন |
| বয়স | ০১-০৫ বছর | ১৭৩৫ জন |
| | ০৬-১২ বছর | ২৬৩৭ জন |

| বিবরণ | | ২০২১-২০২২ |
|---|---|---|
| পিতার পেশা | চাকুরি | ১৯১৫ জন |
| | শ্রমিক | ৮৪৬ জন |
| | কৃষক | ৪৯৮ জন |
| | ক্ষুদ্র ব্যবসায়ী | ৪৮৩ জন |
| | অন্যান্য | ৬৩০ জন |
| কত জেলা হতে আগত | | ৬২ জেলা |
| চিকিৎসা গ্রহণের পর উন্নতি হয়েছে | | ২৪১৫ জন |
| চিকিৎসা চলছে / উন্নতি হচ্ছে | | ১৮৪২ জন |
| অনুপস্থিত/ ড্রপ আউট | | ১১৫ জন |

### হাসপাতালে সেবাপ্রাপ্তি অনুযায়ী দশ বছরের তুলনামূলক চিত্র



সেবাপ্রাপ্ত রোগীদের সুস্থতা/স্বাবলম্বীতার অগ্রগতি বিষয়ক আট বছরের ছক





## হাসপাতালে চিকিৎসা নেয়া শিশুর প্রতিবন্ধীতার ধরণ : ২০২১-২০২২

| প্রতিবন্ধীতার ধরণ | সংখ্যা |
|---|---|
| সেরিব্রাল পলসি (সি.পি) (Cerebral Palsy) | ৩০২৫ জন |
| গুলেনবারি সিনড্রোম (জিবিএস) | ৪২ জন |
| মটর ডিলে (Motor delay) | ২৩২২ জন |
| স্পীচ ডিলে (Speech delay) | ২৪৭৫ জন |
| টেলিপাস ডিফরমিটি (Telepes deformity) | ১০৫ জন |
| ডাউনস্ সিনড্রোম (Down's Syndrom) | ৬৩ জন |
| টরটিকোলিস (Torticollis) | ১৩ জন |
| মাসকুলার ডিফরমিটি (Muscular deformity) | ৩৫ জন |
| কঞ্জিনেটাল ডিফরমিটি (Conginetal Deformity) | ১৭৫২ জন |
| ফেসিয়াল পলসি | ১১ জন |
| আরবস্ পলসি | ২৯ জন |
| ডাইপে- জিয়া | ৯৮৭ জন |
| মনোপে- জিয়া | ১০২৪ জন |
| রিকেটস | ১৬২২ জন |
| আর্থ্রাইটিস | ১৮০ জন |
| মেনিনজাইটিস | ৮৭ জন |
| অটিজম | ৪৬০ জন |
| জন্মগত বিকলাঙ্গ | ২১২৫ জন |
| হেমিপ্লেজিয়া | ১০১৪ জন |
| হিমোফেলিয়া (Hemophilia) | ১০১১ জন |
| অন্যান্য | ৩৮ জন |
| মোট | ১৮,৪২০ জন |

বিঃ দ্রঃ : একই প্রতিবন্ধী শিশু/ব্যক্তির একাধিক প্রতিবন্ধিতা থাকার ফলে সংখ্যা বৃদ্ধি পেয়েছে।

## ব্রেসওয়ার্কশপের সহায়ক উপরকণ গ্রহণকৃত রোগী ও উপকরণ সংখ্যার বিবরণ ও তথ্যচিত্র

| | | |
|---|---|---|
| ১ | উপকৃত রোগীর সংখ্যা | ৬০২ জন |
| ২ | সরবরাহকৃত সহায়ক উপকরণের সংখ্যা | ৬৮৭টি |




## আলহাজ্ব আনোয়ার হোসেন প্রতিবন্ধী শিশু শিক্ষা ও উন্নয়ন কেন্দ্রের নিয়মিত কার্যক্রমের তথ্য

| কার্যক্রমের নাম | প্রতিবন্ধী রোগীর সংখ্যা | | | সেবার সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|
| | ছেলে | মেয়ে | মোট | ছেলে | মেয়ে | মোট |
| ফিজিওথেরাপি | ১৬২৪ | ১৮৫৬ | ৩৪৮০ | ৫৯৮৫ | ৬৫৪১ | ১২২৩৬ |
| স্পীচ থেরাপি | ৭৬৯ | ১১২৩ | ১৮৯২ | ৩৫৫৬ | ৩০৬৫ | ৬৬২১ |
| প- াস্টার চিকিৎসা | ৪২ | ৫৬ | ৯৮ | ২৪৬ | ২৬৮ | ৫১৪ |
| সাধারণ চিকিৎসা | ৮৫১ | ১৩৬৯ | ২২২০ | ১১৬৮ | ১১৯০ | ২৩৫৮ |
| বিশেষ শিক্ষা কার্যক্রম | ৯৮ | ১২৫ | ২২৩ | ৯০৩২ | ১১৬২০ | ২০৬৫২ |
| প্রশিক্ষণ | ১৬১ | ২৭৯ | ৪৪০ | ৯৯৬ | ১০৭৩ | ২০৬৯ |
| বয়স্ক চিকিৎসা | ৩০৩ | ৪৬৯ | ৭৭২ | ৮৯৮ | ১০৬৫ | ১৯৬৩ |